# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 11, 1433 Bangla, April 24, 2026, Friday, No. 111, 56th year

# H I G H L I G H T S

The Election Commission has declared the nominations of 49 candidates valid in the primary selection against the 50 reserved seats of the National Parliament. [BBC: 03]

Bangladesh handed over emergency medical relief supplies to the Iranian Ambassador in Dhaka for dispatch to Iran following Prime Minister Tarique Rahman's directive. [R. Today: 21]

In the past 24 hours, 5 more children have died from measles and measles-like symptoms in country. [Jago FM: 18]

The government has raised bus fares by 11 paisa per kilometre in Dhaka and Chattogram metropolitan areas as well as on inter-district routes, following a recent Tk 15 per litre increase in diesel price. [BBC: 03]

A decision has been taken to conduct a pilot 110-megawatt load shedding in Dhaka. [BBC: 03]

Load shedding is increasing across country in line with the heat. Compared to cities, villages are suffering from severe power outages. This is causing suffering to the public. [Jago FM: 17]

Nearly 14,500 candidates who were finally recommended for recruitment of assistant teachers in govt. primary schools but did not get opportunity to join have announced that they will take to the streets. [Jago FM: 15]

UN development chief Alexander De Croo has said, disruptions to fuel and fertiliser caused by the war could see more than 30 million people pushed back into poverty in the coming months. [DW: 14]

A total of 174 Bangladeshi migrants detained in various detention centres in Libya have returned home. [Jago FM: 19]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048 44813179** | **Assistant News Controller: 44813047 44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**বৈশাখ ১১, বাংলা ১৪৩৩, এপ্রিল ২৪, ২০২৬, শুক্রবার, নং- ১১১, ৫৬তম বছর**

# শিরোনাম

জাতীয় সংসদের সংরক্ষিত ৫০টি আসনের বিপরীতে ৪৯ জন প্রার্থীর মনোনয়ন প্রাথমিক বাছাইয়ে বৈধ ঘোষণা করেছে নির্বাচন কমিশন। [বিবিসি: ০৩]

প্রধানমন্ত্রী তারেক রহমানের সিদ্ধান্ত অনুযায়ী, বাংলাদেশ ইরানে পাঠানোর জন্য ঢাকায় নিযুক্ত ইরানি রাষ্ট্রদূতের কাছে জরুরি চিকিৎসা সহায়তা সামগ্রী হস্তান্তর করেছে। [রে. টুডে: ২১]

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। [জাগো এফএম: ১৮]

ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ সারা দেশে যাত্রীবাহী বাসের ভাড়া কিলোমিটার প্রতি ১১ পয়সা করে বাড়ানোর সিদ্ধান্ত জানিয়েছে সরকার। [বিবিসি : ০৩]

রাজধানী ঢাকায় প্রাথমিকভাবে ১১০ মেগাওয়াট লোডশেডিং করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। [বিবিসি: ০৩]

সারা দেশে গরমের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে লোডশেডিং। শহরের তুলনায় গ্রাম ভয়াবহ বিদ্যুৎ বিভ্রাটে ভুগছে। এতে ভোগান্তিতে পড়েছে জনসাধারণ। [জাগো এফএম: ১৭]

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হয়েও, যোগদানের সুযোগ না পাওয়া প্রায় সাড়ে ১৪ হাজার প্রার্থী এবার রাজপথে নামার ঘোষণা দিয়েছেন। [জাগো এফএম: ১৫]

জাতিসংঘের উন্নয়ন প্রধান আলেকজান্ডার ডি ক্রু বলেছেন, ইরান যুদ্ধের প্রভাবে ৩০ মিলিয়ন, অর্থাৎ ৩ কোটিরও বেশি মানুষ আবার দারিদ্র্যের কবলে পড়বে। [ডয়চে ভেলে: ১৪]

স্বেচ্ছায় দেশে ফিরতে ইচ্ছুক লিবিয়ার বিভিন্ন ডিটেনশন সেন্টারে বন্দি ১৭৪ জন বাংলাদেশি নাগরিক দেশে ফিরেছেন। [জাগো এফএম: ১৯]

# বিবিসি

## বাংলাদেশে বাস ভাড়া প্রতি কিলোমিটারে ১১ পয়সা বাড়ল

ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ সারা দেশে যাত্রীবাহী বাসের ভাড়া কিলোমিটার প্রতি ১১ পয়সা করে বাড়ানোর সিদ্ধান্ত জানিয়েছে সরকার। বৃহস্পতিবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে নতুন ভাড়ার তালিকা প্রকাশ করেন সড়ক, রেল ও নৌ-পরিবহণমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, নতুন নির্ধারিত ভাড়া বৃহস্পতিবার (আজ) থেকেই কার্যকর হবে। জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির প্রেক্ষিতে যাত্রী পরিবহণে ভাড়া সমন্বয় করা হলেও, রেল ও নৌ পরিবহণে ভাড়া বাড়ানোর বিষয়টি সরকার এখনও বিবেচনায় নেয়নি বলেও জানান সড়ক মন্ত্রী। তিনি বলেন, ঢাকা এবং চট্টগ্রাম মহানগর এলাকায় প্রতি কিলোমিটার ২ টাকা ৪২ পয়সা থেকে বাড়িয়ে ২ টাকা ৫৩ পয়সা এবং আন্তঃজেলা বাস ২ টাকা ১২ পয়সা থেকে বাড়িয়ে ২ টাকা ২৩ পয়সা করা হয়েছে। শীতাতপ নিয়ন্ত্রিত বা এসি বাসের ভাড়া কত হবে, এ বিষয়ে আলাদা করে পরবর্তীতে জানানো হবে বলেও উল্লেখ করেন মন্ত্রী। সড়কমন্ত্রী বলেন, "বাস মালিকরা এই সিদ্ধান্তের ব্যত্যয় করার চেষ্টা করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।„ তেলের দাম বৃদ্ধি বা কমার সঙ্গে ভবিষ্যতে ভাড়া সমন্বয় করা হবে বলেও জানান তিনি। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## জাতীয় সংসদের সংরক্ষিত একটি আসন নিয়ে যে জটিলতা হতে পারে

জাতীয় সংসদের সংরক্ষিত ৫০টি আসনের বিপরীতে ৪৯ জন প্রার্থীর মনোনয়ন প্রাথমিক বাছাইয়ে বৈধ ঘোষণা করেছে নির্বাচন কমিশন। বৃহস্পতিবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের অডিটোরিয়ামে মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে রিটার্নিং কর্মকর্তা মঈন উদ্দীন খান জানান, প্রাথমিক বাছাইয়ে বিএনপির দাখিল করা ৩৬ জন প্রার্থী এবং একজন স্বতন্ত্র প্রার্থীর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছে। তবে, জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের ১৩ জন প্রার্থীর মধ্যে ১২ জনের মনোনয়নপত্র প্রাথমিকভাবে বৈধ হলেও, বাতিল হয়েছে এনসিপি নেত্রী মনিরা শারমিনের মনোনয়ন। সরকারি চাকরি থেকে অব্যাহতির পর তিন বছর পেরোনোর আগে সংসদ সদস্য হিসেবে নির্বাচন করা যাবে না, মূলত এই নিয়মের কারণেই তার মনোনয়নপত্র বাতিল করা হয়। আইন অনুযায়ী, মনোনয়নপত্র বাতিল হওয়া প্রার্থীর কমিশনে আপিলের সুযোগ রয়েছে। তবে সেখানেও তার মনোনয়ন বৈধ না হলে ওই আসনে পরবর্তীতে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। "কমিশনে ওই প্রার্থীর আবেদনের সুযোগ রয়েছে। তিনি আবেদন করবেন বলেও আমাদের জানিয়েছেন। আইন অনুযায়ী, কোনো আসনে প্রার্থী না থাকলে সেখানে পরবর্তীতে উপ-নির্বাচন হবে। সেক্ষেত্রে আসনটি তখন সব দলের জন্য উন্মুক্ত হয়ে যাবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। ঘোষিত তফশিল অনুযায়ী, প্রাথমিক বাছাইয়ে মনোনয়ন বাতিল হওয়া প্রার্থীরা ২৬ এপ্রিল নির্বাচন কমিশনে আপিল করার সুযোগ পাবেন। নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ১২ মে। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## ঢাকায় ১১০ মেগাওয়াট লোডশেডিংয়ের সিদ্ধান্ত সরকারের

বাংলাদেশের রাজধানী ঢাকায় প্রাথমিকভাবে ১১০ মেগাওয়াট লোডশেডিং করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। বৃহস্পতিবার জাতীয় সংসদে এই তথ্য জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। বর্তমানে দেশের মোট বিদ্যুৎ উৎপাদন এবং ঘাটতির বিষয়ে মন্ত্রী জানান, বুধবার প্রায় ১৬ হাজার মেগাওয়াট চাহিদার বিপরীতে ১৪ হাজার ১২৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে। অর্থাৎ সারা দেশে প্রায় দুই হাজার মেগাওয়াট লোডশেডিং হয়েছে। প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে দেশে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কাগজে কলমে অনেক বেশি থাকলেও, বাস্তবের সঙ্গে তার গরমিল রয়েছে। অতীতে বিদ্যুৎ নিয়ে হওয়া নানা অব্যবস্থাপনার কারণেই এখন বিদ্যুৎ নিয়ে সমস্যা তৈরি হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## ঢাকার বনানীতে বাসচাপায় দুইজনের মৃত্যু

ঢাকার বনানীতে যাত্রীবাহী বাসের চাপায় দুইজন নিহত হয়েছেন বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বনানী থানার ওসি ফরিদুল ইসলাম। তিনি জানান, আজ বৃহস্পতিবার বিকেল ৩টা ৪০ মিনিটের দিকে দুর্ঘটনাটি ঘটে। ঘটনাস্থল কোথায় ছিল, এর ব্যাখ্যায় তিনি বলেন যে, বনানীতে অবস্থিত সেতু ভবনের বিপরীত পাশে ফুট ওভার ব্রিজের নিচে দুর্ঘটনাটি ঘটেছে এবং সঙ্গে সঙ্গেই ওই দুইজন নিহত হন। নিহতদের পরিচয় সম্বন্ধে তিনি বলেন, পরিচয় এখনো শনাক্ত হয়নি। তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তারা সিটি করপোরেশনের শ্রমিক, রোড ডিভাইডারের (সড়ক বিভাজক) কাজ করছিলেন। "আমরা জানতে পেরেছি, বাসটা এক পথচারীকে বাঁচানোর জন্য ব্রেক করেছিল। এসময় বাসটি ডিভাইডারের সাথে লেগে যায়। নিহত ব্যক্তিরা বাস ও ডিভাইডারের মাঝখানে চাপা পড়েছিল।„ এই ঘটনায় কাউকে আটক করা হয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, চালক ও চালকের সহযোগী পুলিশ ঘটনাস্থলে যাওয়ার আগেই পালিয়ে যায়। বাস রেখে গেছে, ওটা আছে। এই ঘটনায় কয়েকজন আহত হয়েছেন এবং তারা এখন ঢাকার কুর্মিটোলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে বলেও পুলিশ জানিয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## তিন হাজার মেগাওয়াট বিদ্যুতের ঘাটতি হতে পারে আজ : বিদ্যুৎ বিভাগ

জ্বালানি সংকটের কারণে উৎপাদন ঘাটতি থাকায় আজ (বৃহস্পতিবার) সারাদেশে তিন হাজার মেগাওয়াট বিদ্যুতের ঘাটতি হতে পারে বলে জানিয়েছে বিদ্যুৎ বিভাগ। বৃহস্পতিবার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে বিদ্যুৎ বিভাগ আয়োজিত সংবাদ সম্মেলনে এই তথ্য জানিয়েছেন মন্ত্রণালয়ের যুগ্মসচিব উম্মে রেহানা। তিনি জানান, বৃহস্পতিবার দেশে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ধরা হয়েছে ১৭ হাজার মেগাওয়াট, যার বিপরীতে ১৪ হাজার মেগাওয়াট উৎপাদনের সম্ভাবনা রয়েছে। "আমাদের বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা অনেক, কিন্তু পর্যাপ্ত জ্বালানি সরবরাহ না হওয়ায় বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি তৈরি হয়েছে,, বলেও জানান তিনি। তিনি বলেন, বুধবার ১৫ হাজার ৭৬৭ মেগাওয়াট চাহিদার বিপরীতে ১৩ হাজার ৬৮১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছে। ফলে ওইদিন দুই হাজার মেগাওয়াটের বেশি বিদ্যুৎ ঘাটতি থাকায় দেশব্যাপী লোডশেডিং ছিল। জ্বালানি সংকট, তীব্র গরমে চাহিদা বৃদ্ধি, আদানির বিদ্যুৎ ইউনিটে কারিগরি সমস্যা এবং বাঁশখালির আইপিপি প্লান্টের একটি ইউনিটে কারিগরি জটিলতা তৈরি হওয়ায়, এই সংকট তৈরি হয়েছে বলেও জানান তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## নিউজিল্যান্ডকে হারিয়ে বাংলাদেশের সিরিজ জয়

সিরিজ নির্ধারণী তৃতীয় ও শেষ ম্যাচে নিউজিল্যান্ডকে ৫৫ রানে হারিয়ে তিন ম্যাচ ওয়ানডে সিরিজ জিতলো বাংলাদেশ। নাজমুল হোসেন শান্তর সেঞ্চুরি এবং মোস্তাফিজুর রহমানের পাঁচ উইকেটে সহজেই জয় তুলে নিয়েছে স্বাগতিকরা। বৃহস্পতিবার চট্টগ্রামে টস জিতে বাংলাদেশকে ব্যাট করার আমন্ত্রণ জানান নিউজিল্যান্ডের অধিনায়ক টম ল্যাথাম। আগের দুই ম্যাচে একটি করে জয় পাওয়ায় তৃতীয় ম্যাচ পরিণত হয় অঘোষিত ফাইনালে। এদিন সেঞ্চুরির দেখা পেয়েছেন বাংলাদেশের টপ অর্ডার ব্যাটার নাজমুল হোসেন শান্ত। আর ৭৬ রান করেছেন উইকেটরক্ষক ব্যাটার লিটন কুমার দাস। তাদের দুর্দান্ত ব্যাটিংয়ে ২৬৫ রানের চ্যালেঞ্জিং স্কোর করে স্বাগতিকরা। বোলিংয়েও দাপট দেখিয়েছেন বাংলাদেশের বোলাররা। মোস্তাফিজুর রহমান একাই তুলে নিয়েছেন নিউজিল্যান্ডের পাঁচটি উইকেট।
(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## 'ফুয়েল লোডিং' কী, রূপপুর থেকে কবে বিদ্যুৎ পাওয়া যেতে পারে?

নির্মাণকাজ শেষ হওয়ার মেয়াদ কয়েক দফা বাড়ালেও এখনো উৎপাদনে আসতে পারেনি বাংলাদেশের সবচেয়ে ব্যয়বহুল প্রকল্প রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। এ নিয়ে নানা আলোচনার মধ্যেই সম্প্রতি বিদ্যুৎ কেন্দ্রটির প্রথম ইউনিটে 'ফুয়েল লোডিং'-এর জন্য কমিশনিং লাইসেন্স দিয়েছে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। এর মধ্যদিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র উৎপাদনের চূড়ান্ত ধাপে পৌঁছেছে বলেই দাবি করা হচ্ছে। চলতি বছরের ডিসেম্বরেই এখান থেকে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হবে বলেও সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম বলছেন, চলতি মাসের শেষেই প্রথম ইউনিটের ফুয়েল লোডিং উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। উদ্‌বোধনী অনুষ্ঠানে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ভার্চুয়ালি উপস্থিত থাকতে পারেন বলেও জানান তিনি। "ফুয়েল লোডিংয়ের মাধ্যমে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল কাজ শুরু হবে। বছরের শেষ নাগাদ জাতীয় গ্রিডে এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে,, বিবিসিকে বলেন তিনি। যদি বিশেষজ্ঞরা বলছেন, পারমাণবিক জ্বালানি প্রবেশ করানোর পর নানা ধরনের পরীক্ষা-নিরীক্ষা শেষ করে রূপপুরের প্রথম ইউনিট থেকে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু হতে অন্তত ছয় থেকে বারো মাস পর্যন্ত সময় লাগতে পারে। পরীক্ষামূলকভাবে শুরুর পর প্ল্যান্টটি বন্ধও করা হতে পারে, কিন্তু বাণিজ্যিক উৎপাদন একবার শুরু করার পর আর থামবে না। দেড় বছরের সাইকেলে টানা চলতে থাকবে,, বিবিসি বাংলাকে বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক মো. শফিকুল ইসলাম। তিনি বলছেন, সব ধরনের নিরাপত্তা নিশ্চিতের পর চূড়ান্ত বাণিজ্যিক উৎপাদনে যাওয়ার আগে গ্রিডের সক্ষমতা এবং বিদ্যুৎ সঞ্চালন লাইনের কাজও সম্পন্ন করতে হবে। এদিকে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট থেকে যে বিদ্যুৎ উৎপাদন হবে, তার জন্য গ্রিড সক্ষমতা এবং সঞ্চালন লাইন তৈরির কাজ এরই মধ্যে শেষ করেছে গ্রিড কোম্পানি অব বাংলাদেশ।

### 'ফুয়েল লোডিং' কমিশনিং লাইসেন্স কী?

পারমাণবিক শক্তি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন গোটা বিশ্বেই অত্যন্ত সংবেদনশীল একটি প্রক্রিয়া। এই ধরনের স্থাপনা নির্মাণে পেরোতে হয় নিরাপত্তামূলক নানা ধাপ। বিশেষজ্ঞরা বলছেন, পারমাণবিক স্থাপনা নির্মাণের ক্ষেত্রে আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা বা আইএইএ-এর নিরাপত্তা মানদণ্ড কঠোরভাবে মেনে চলতে হয়। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট, ফুয়েল লোডিং কমিশনিং লাইসেন্স পাওয়ার মধ্যদিয়ে বিদ্যুৎকেন্দ্রটি চালুর চূড়ান্ত ধাপে রয়েছে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, ফুয়েল লোডিং-এর মাধ্যমে রিঅ্যাক্টর বা চুল্লিতে পারমাণবিক জ্বালানি স্থাপন করা হয় এবং ধাপে ধাপে বিদ্যুৎ উৎপাদনের প্রস্তুতি সম্পন্ন হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক অধ্যাপক মো. শফিকুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, ফুয়েল লোডিংয়ের পর বিভিন্ন ধাপে পরীক্ষা করে ফাইনাল সেফটি অ্যানালিসিস রিপোর্ট করা হবে, যেটি পুনরায় পর্যালোচনা করবে নিয়ন্ত্রক সংস্থা।

মি. ইসলাম বলছেন, ”এটা একটা পাইলট অপারেশন। এটা সময় নিতে পারে অন্তত ছয়মাস থেকে এক বছর। এই সময়ে পাওয়ার তৈরির মাধ্যমে সিনক্রোনাইজেশন, টারবাইন জেনারেটর কাজ করছে কি না, ইমার্জেন্সি সব সাপোর্ট কাজ করছে কি না, এগুলো সব দেখা হয়।„ মূলত, এই 'ফুয়েল লোডিং' একটি অত্যন্ত সংবেদনশীল প্রক্রিয়া, যা সম্পন্ন হতে প্রায় ৪০ থেকে ৪৫ দিন সময় লাগতে পারে বলেও জানান তিনি। এরপর কমার্সিয়াল অপারেশনাল ডেট বা সিওডি দেওয়ার আগে চূড়ান্ত উৎপাদনে যাওয়ার জন্য আরেক দফা অনুমোদনের প্রয়োজন হয়। মি. ইসলাম বলছেন, ”পূর্ণাঙ্গ বাণিজ্যিক অপারেশন শুরুর পর রিঅ্যাক্টর ৯০ শতাংশ ক্যাপাসিটিতে পুরোদমে চলতে শুরু করবে। টানা ১৮ মাস চলার পর ফুয়েল রিপ্লেসমেন্টসহ রক্ষণাবেক্ষণ কাজ শেষে আবারও ১৮ মাসের সাইকেল নতুন করে শুরু হবে।„

এই বিদ্যুৎকেন্দ্রটি মূলত 'নিউক্লিয়ার ফিশন' বা নিউক্লিয়াস বিভাজন প্রক্রিয়ায় কাজ করবে। পারমাণবিক চুল্লিতে ইউরেনিয়ামের নিউক্লিয়াস বিভাজনের মাধ্যমে প্রচুর তাপশক্তি উৎপন্ন হয়। এই তাপশক্তি দিয়ে পানিকে উচ্চচাপে বাষ্পে পরিণত করে টারবাইন ঘোরানো হয়, যা থেকে বিদ্যুৎ উৎপন্ন হয়। এটি একটি স্বয়ংক্রিয় ও নিয়ন্ত্রিত চেইন রিঅ্যাকশন প্রক্রিয়ার মাধ্যমে চলে। আর তাই এই ধরনের প্রকল্পের সাফল্য যেমন সম্ভাবনা তৈরি করেছে, তেমনি নিরাপত্তা ও জাতীয় সক্ষমতা নিয়ে উদ্‌বেগের কথাও জানিয়েছেন বিশেষজ্ঞরা। অধ্যাপক মো. শফিকুল ইসলাম বলছেন, নিউক্লিয়ার প্ল্যান্টের নিরাপত্তা নিয়ে কোনোভাবেই আপোশ করার সুযোগ নেই। ”আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার নির্দেশনায় থাকা অগ্নি নিরাপত্তা, ইভাকুয়েশন প্ল্যান (কোনো বিপজ্জনক ঘটনা ঘটলে মানুষ ও সম্পদ সাময়িকভাবে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার পরিকল্পনা) ও জরুরি সাপোর্ট সিস্টেম নিশ্চিত করা রাষ্ট্রের মূল দায়িত্ব,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। অবশ্য, প্রথম ইউনিটের কমিশনিং লাইসেন্স পাওয়ার আগেই প্রয়োজনীয় সব কারিগরি পরীক্ষা-নিরীক্ষা এবং প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পরমাণু শক্তি কমিশন। আন্তর্জাতিকভাবে নির্ধারিত মানদণ্ড অনুসরণ করে বিভিন্ন ধাপের পর্যবেক্ষণ, মূল্যায়ন ও পর্যালোচনা সম্পন্ন করা হয়েছে বলেও সংবাদ বিজ্ঞপ্তিতে দাবি করেছে প্রতিষ্ঠানটি। ”আইএইএ যে-সব নির্দেশনা দিয়েছে, সেগুলো মেনেই নিউক্লিয়ার প্ল্যান্ট চালু হচ্ছে। নিরাপত্তার বিষয়গুলো নিশ্চিত করা হয়েছে,„ বলে বিবিসি বাংলাকে জানান বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম।

**গ্রিডে বিদ্যুৎ যুক্ত হবে কবে**

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে বাংলাদেশে জ্বালানি সংকটের প্রেক্ষাপট বিদ্যুৎ উৎপাদন নিয়েও উদ্বেগ তৈরি করেছে। এমন বাস্তবতায় দেশের বিদ্যুতের চাহিদা পূরণে বড়ো আশার নাম হয়ে সামনে এসেছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। যদিও বিদ্যুৎকেন্দ্রটি চালুর সময়সীমা অতীতে একাধিকবার পেছানোয় এবারও এ নিয়ে সংশয় রয়েছে। রাশিয়ার আর্থিক ও কারিগরি সহায়তায় পাবনার রূপপুরে ২০১৭ সালে শুরু হওয়া এই বিদ্যুৎকেন্দ্রের নির্মাণকাজ বছর দুয়েক আগে শেষ হওয়ার কথা থাকলেও, নানা জটিলতায় একাধিকবার পিছিয়েছে। এমন প্রেক্ষাপটে এক লাখ ১৩ হাজার কোটি টাকারও বেশি বাজেটে নির্মিত দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রটি চূড়ান্তভাবে কবে চালু হবে এ নিয়ে সংশয় দূর হয়নি এখনো। মূলত, এই ধরনের বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তা প্রটোকল এবং সঞ্চালন লাইন নির্মাণ ঘিরে জটিলতা তৈরি হওয়ায় একাধিকবার সময় নির্ধারণ করেও পরীক্ষামূলক উৎপাদনে আসা সম্ভব হয়নি। অধ্যাপক মো. শফিকুল ইসলাম বলছেন, সাধারণত পাইলট অপারেশন শুরু হওয়ার পর থেকেই বিদ্যুৎ উৎপাদনও শুরু হয়। তবে বাণিজ্যিক উৎপাদন আরম্ভ হতে আরও অন্তত ছয় মাস থেকে এক বছর সময় লাগবে। বিবিসি বাংলাকে তিনি বলেন, ”পাইলট অপারেশনের সময় কিছু কিছু করে বিদ্যুৎ গ্রিডে যাবে। পাঁচ শতাংশ বা দশ শতাংশ হারে, ক্ষমতা ব্যবহার করে পরীক্ষা চালানোর সময় ফুয়েল বার্ন হবে, যাতে একশ, দুইশ, আড়াইশো কেবি (কিলোবাইট) তো যাবে।„ এক্ষেত্রে গ্রিড লাইনের সক্ষমতার বিষয়টিও সামনে আনছেন এই বিশেষজ্ঞ। তিনি বলছেন, ”পাইলট অপারেশনের সময় যতটুকু বিদ্যুৎ উৎপাদন হবে, সেটার জন্য আমাদের গ্রিড লাইন সক্ষমতা আছে কি না, সেটাও দেখতে হবে।„ মানুষের সেফটি সিকিউরিটির বিষয়ে কী পদক্ষেপ নেওয়া হয়েছে এবং উৎপাদিত বিদ্যুতের প্রতি ইউনিটের দাম কত হবে, সেটিও নির্ধারণ করা জরুরি, বলেন তিনি।

**সঞ্চালন লাইনের কী অবস্থা?**

প্রকল্প সংশ্লিষ্টদের দেওয়া তথ্য অনুসারে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের চুল্লিসহ মূল অবকাঠামোর নির্মাণকাজ বছর দুয়েক আগেই শেষ হয়েছে। এমনকি রাশিয়ার কাছ থেকে জ্বালানির প্রথম চালানও ২০২৩ সালের অক্টোবরেই বুঝে পেয়েছে বাংলাদেশ। কিন্তু, নিরাপত্তা বিষয়ক নানা প্রস্তুতির পাশাপাশি বিদ্যুৎ সঞ্চালন লাইনের কাজ শেষ না হওয়ায় এই বিদ্যুৎকেন্দ্রে উৎপাদন শুরু হতে বিলম্ব হচ্ছিল বলে জানিয়েছিল পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ। তখন থেকেই সঞ্চালন লাইনের কাজ দ্রুত শেষ করার ওপর জোর দিয়ে আসছিলেন রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের কর্মকর্তারা। সরকারি প্রতিষ্ঠান গ্রিড কোম্পানি অব বাংলাদেশের অধীনে এই সঞ্চালন লাইন তৈরির কাজে যুক্ত ছিল ভারতের তিনটি ঠিকাদার প্রতিষ্ঠান। বুধবার পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক আবদুর রশিদ খান দাবি করেন, রাজনৈতিক পটপরিবর্তনসহ নানা কারণে সঞ্চালন লাইনের নির্মাণকাজে কিছুটা ধীরগতি দেখা দিয়েছিল। তবে, ২০২৫-এর মে মাসেই রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের জন্য বিদ্যুৎ

সঞ্চালন লাইন নির্মাণের কাজ শেষ করা হয়েছে বলে জানান তিনি। মি. খান বলছেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট থেকে যে ১১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে, তার জন্য গ্রিডের প্রয়োজনীয় সক্ষমতা আগেই সম্পন্ন করার হয়েছে। ”ইউনিট ওয়ানের জন্য আমাদের যে কয়টা লাইন দরকার, সেগুলো গত বছরের ৩০ মে'র মধ্যেই শেষ করে ফেলেছি। আমাদের চারটা লাইন রেডি হয়ে আছে তখন থেকেই,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। মি. খান জানান, ”রূপপুর-বাঘাবাড়ি দুটি সার্কিট, রূপপুর-বগুড়া একটি এবং রূপপুর-গোপালগঞ্জ একটি সার্কিট- এই চারটি রেডি আছে। যেগুলোর ক্যাপাসিটি ৪০০ মেগাওয়াট।„ এছাড়া এই বিদ্যুৎকেন্দ্রের দ্বিতীয় ইউনিটের জন্য গ্রিডের সক্ষমতা তৈরির কাজ এ বছরের ডিসেম্বরের মধ্যে শেষ হবে বলেও জানান তিনি। ”সেকেন্ড ইউনিট আসার অনেক আগেই আমাদের আটটি লাইনই রেডি হয়ে যাবে,„ বিবিসি বাংলাকে জানান মি. খান।
(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৪.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে পেপ্যাল সার্ভিস চালু নিয়ে আলোচনা, কী সুবিধা আর কী ঝুঁকি

ডিজিটাল লেনদেনে বিশ্বে বহুল ব্যবহৃত প্ল্যাটফর্ম পেপ্যাল বাংলাদেশে চালু হতে যাচ্ছে, এমন আলোচনা নতুন করে সামনে আসায় বিষয়টি নিয়ে আগ্রহ বেড়েছে। বিশ্বের অনেক দেশেই অনলাইন পেমেন্ট, ফ্রিল্যান্স আয়ের অর্থ গ্রহণ কিংবা আন্তর্জাতিক কেনাকাটায় ব্যবহৃত হয় এ সেবা। কিন্তু বাংলাদেশে এটি এখনো চালু হয়নি। বাংলাদেশে দীর্ঘদিন ধরেই পেপ্যাল চালুর দাবি ছিল। বিভিন্ন সময় এ নিয়ে উদ্যোগ নেওয়ার খবরও শোনা গিয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত তা আর হয়ে ওঠেনি। সর্বশেষ ২২ এপ্রিল বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান জাতীয় সংসদে একজন সংসদ সদস্যের প্রশ্নের জবাবে জানিয়েছেন, অনলাইন পেমেন্ট গেটওয়ে 'পেপ্যাল' চালুর উদ্যোগ নিয়েছে সরকার। কিন্তু পেপ্যাল আসলে কী? কেন এটি গুরুত্বপূর্ণ, আর এ সেবা চালু হলে সাধারণ ব্যবহারকারীদের কোন কোন কাজে আসবে- এমন নানা প্রশ্ন এখন সামনে আসছে।

### পেপ্যাল কী, কীভাবে কাজ করে?

পেপ্যাল মূলত মার্কিন মালিকানাধীন বহুজাতিক আর্থিক প্রযুক্তি প্রতিষ্ঠান। এটি একটি অনলাইন পেমেন্ট প্ল্যাটফর্ম, যা ব্যবহারকারীদের অনলাইনে নিরাপদে অর্থ আদান-প্রদান ও কেনাকাটার জন্য জনপ্রিয় ডিজিটাল পেমেন্ট সিস্টেম হিসেবে পরিচিত। সহজ করে বললে, এটি একটি ই-পেমেন্ট সিস্টেম বা অর্থ লেনদেনের ব্যবস্থা। এটি এক ধরনের ভার্চুয়াল ওয়ালেট হিসেবে কাজ করে, যেখানে ব্যাংক অ্যাকাউন্ট কিংবা ডেবিট বা ক্রেডিট কার্ড যুক্ত করে টাকা পাঠানো, গ্রহণ ও কোনো কিছু কিনলে তা মূল্য পরিশোধ করা যায়। বিশ্বে পেপ্যালের মতো আরও কিছু প্ল্যাটফর্ম রয়েছে। যেমন- স্ট্রাইপ, পেওনিআর ইত্যাদি।

বাংলাদেশের মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস বিকাশ ও পেপ্যাল একই ধরনের আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান। কিন্তু এর ব্যবহার ও পরিসর এক নয়। বিকাশের সেবা কেবল বাংলাদেশের ভেতরে লেনদেনের জন্য ব্যবহৃত হয়। আর পেপ্যাল ব্যবহৃত হয় ক্রস-বর্ডার, মানে সীমানা পেরিয়ে, অর্থাৎ এক দেশে বসে পণ্য কিনে অন্য দেশ থেকে তার মূল্য পরিশোধ করা যায় পেপ্যালের মাধ্যমে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য-প্রযুক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক বি এম মইনুল হোসেন বলেন, বিকাশের সাথে পেপ্যালের মিল থাকলেও পার্থক্যও রয়েছে। বিবিসি বাংলাকে তিনি বলছিলেন, ”বিকাশ দিয়েও পে (মূল্য পরিশোধ) করা যায়। তবে পার্থক্য হচ্ছে, এটা দিয়ে বিশ্বব্যাপী আপনি পে করতে পারছেন না। আর ডিজিটাল সিস্টেম আস্থার ওপর চলে। পেপ্যাল যেহেতু ২০০-এর বেশি দেশে আছে এবং অনেক মুদ্রায় লেনদেন হয়, তাই সবাই একে চিনে। সেজন্য আন্তর্জাতিক ট্রানজেকশনগুলো মানুষ পেপ্যাল দিয়ে করে।„ পেপ্যালের ক্ষেত্রে ব্যবহারকারীরা তাদের ই-মেইল অ্যাড্রেসের মাধ্যমে টাকা পাঠাতে পারেন, বিভিন্ন ওয়েবসাইটে পণ্য বা সেবা কেনাকাটাও করতে পারেন এবং এক্ষেত্রে তাকে তৃতীয় কোনো প্ল্যাটফর্মে তার ব্যাংক বা কার্ডের বিস্তারিত তথ্য সরাসরি শেয়ার করতে হয় না। কেবল একটিমাত্র প্ল্যাটফর্ম থেকেই বিভিন্ন দেশের মধ্যে সহজে অর্থ আদান-প্রদান করা যায় বলে আন্তর্জাতিক লেনদেনের ক্ষেত্রে পেপ্যাল বিশ্বব্যাপী খুবই জনপ্রিয়।

### পেপ্যাল কাদের বেশি কাজে আসবে?

বিশেষজ্ঞরা বলছেন, যারা আন্তর্জাতিক লেনদেন বেশি করেন, এটি তাদের বেশি কাজে আসবে। তবে সবচেয়ে বেশি লাভবান হবেন ফ্রিল্যান্সার এবং ক্ষুদ্র ব্যবসায়ীরা। বিডি জবসের প্রধান নির্বাহী এবং দেশের সফটওয়্যার ও তথ্য প্রযুক্তি খাতের সংগঠন বেসিসের সাবেক সভাপতি ফাহিম মাশরুর বলেন, ”বাংলাদেশের ফ্রিল্যান্সারদের অনেকে টাকা রিসিভ করতে পারেন না। কারণ অনেক বিদেশি ক্লায়েন্ট পেপ্যালের মাধ্যমে পেমেন্ট করতে চায়, যেহেতু পেপ্যালের মাধ্যমে করলে তার কিছু সিকিউরিটি আছে।„ ”পেপ্যালে ইনসিওরেন্স আছে। কোনো কারণে যদি সমস্যা হয়, পেপ্যাল তাকে টাকা ফেরত দেয়। এখন পেপ্যাল এলে ফ্রিল্যান্সারদের সুবিধা হবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। অধ্যাপক মইনুল হোসেনও মনে করেন, ফ্রিল্যান্সারদের মতো যারা আন্তর্জাতিকভাবে অর্থ লেনদেন করে, এটা তাদের বেশি কাজে লাগবে। ”কারণ তারা দেশের বাইরে কাজ করে, তাদের অর্থ লেনদেন করতে হয়। এখন তারা পে ইউনিয়ন ও

ওয়েস্টার্ন ইউনিয়নের মতো প্ল্যাটফর্ম ব্যবহার করে, যাতে খরচ বেশি পড়ে এবং সময়ও বেশি লাগে। আর পেপ্যাল হলো ইন্সট্যান্ট (তাৎক্ষণিক লেনদেন হয়), অ্যাকাউন্টে সাথে সাথে টাকা জমা হয়ে যাবে।„

এতে একদিকে ফ্রিল্যান্সাররা কম খরচে সরাসরি পারিশ্রমিক পাবেন, অপরদিকে ক্লায়েন্টদের সাথে তাদের কাজ করাটাও অনেকটা সহজ হয়ে উঠবে। এছাড়া, বিদেশিরা বাংলাদেশে বেড়াতে বা কাজে এলে বা অনলাইনে বাংলাদেশের পণ্য কিনতে গেলে অনেক সময় তারা ক্রেডিট কার্ডের পরিবর্তে পেপ্যালে পেমেন্ট করতে চান। কিংবা, ক্ষুদ্র ব্যবসায়ী থেকে শুরু করে ব্যক্তি পর্যায়ে যারা বিদেশ থেকে পণ্য ক্রয়-বিক্রয় করতে চান, তাদের জন্যও পেপ্যালের মাধ্যমে অর্থ লেনদেনের সুবিধা হবে বলেও বিশ্লেষকরা মনে করছেন। সেই সাথে তারা আরো বলছেন, পেপ্যাল চালু হলে প্রবাসীরাও বাংলাদেশে সহজে ও দ্রুত টাকা পাঠাতে পারবেন। পেপ্যালের মাধ্যমে বিদেশি বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফি দেওয়াটাও সহজ, কিন্তু ক্রেডিট কার্ড দিয়ে দিতে গেলে নানা ধরনের জটিলতা দেখা যায়। পড়াশোনার জন্য যুক্তরাজ্যে ছিলেন, এমন একজন বাংলাদেশি শিক্ষার্থী সোনিয়া আলম। তিনি বর্তমানে বাংলাদেশে এবং সম্প্রতি তিনি বিদেশি প্রতিষ্ঠানে একটি অনলাইন কোর্স কিনেছেন। সেই কোর্সের ফি তিনি পেপ্যালের মাধ্যমেই পরিশোধ করেছেন।

বাংলাদেশে এখনো পেপ্যাল চালু হয়নি, তাহলে তিনি দেশে বসে পেপ্যাল ব্যবহার করে অর্থ পরিশোধ কীভাবে করলেন? মিজ আলম জানিয়েছেন, এর কারণ তার পেপ্যাল অ্যাকাউন্টে যুক্তরাজ্যের একটি ব্যাংকের অ্যাকাউন্ট সংযুক্ত করা। কিন্তু তিনি তার ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহার না করে পেপ্যাল অ্যাকাউন্ট কেন ব্যবহার করলেন, জানতে চাইলে তিনি বিবিসি বাংলাকে বলেন, ”সিকিউরিটির কারণে। আর এটা খুব ইজি।„ তিনি জানান, পেপ্যাল দিয়ে কেনাকাটা করতে গেলে বা কাউকে টাকা পাঠাতে গেলে ব্যবহারকারীকে নতুন করে তার অ্যাকাউন্টের নাম, নম্বর, রাউটিং নম্বর বা ক্রেডিট কার্ডের নম্বর, মেয়াদের মতো গুরুত্বপূর্ণ আর্থিক ডেটা দিতে হয় না। তিনি তার ফোন নম্বর বা ই-মেইল অ্যাড্রেস ব্যবহার করেই সব লেনদেন করতে পারবেন। কারণ, পেপ্যাল অ্যাকাউন্ট তৈরি করার সময়ই তাকে একটি ব্যাংক অ্যাকাউন্ট বা কার্ডের সঙ্গে পেপ্যালকে সংযুক্ত করে নিতে হয়।

**পেপ্যালের অসুবিধা কী এবং ঝুঁকি কোথায়?**

পেপ্যালের ওয়েবসাইটে দেওয়া তথ্য বলছে, বিশ্বের দুইশোর বেশি দেশে এ সেবা চালু রয়েছে। পেপ্যালের সেবা নিয়ে যে-সব অভিযোগের কথা জানা যায়, তার অন্যতম হলো- ফিশিং মেইল, অর্থাৎ ভুয়া বা প্রতারণামূলক মেইল। এ ধরনের মেইলের মাধ্যমে প্রতারক বা হ্যাকাররা গ্রাহকের জরুরি বিভিন্ন তথ্য হাতিয়ে নিতে পারে, অ্যাকাউন্ট বা ডিভাইসের নিয়ন্ত্রণ নিয়ে নিতে পারে। এ নিয়ে বাংলাদেশ ইনসিওরেন্স সেক্টর ডেভেলপমেন্ট প্রোজেক্টের আইটি কনসালট্যান্ট মো. শফিউদ্দিন রাসেল মনে করেন, এগুলো নতুন কিছু না। ”সচেতনতা থাকলে এ ঝুঁকি এড়িয়ে চলা যায়। ফিশিং মেইল আরও অনেক চ্যানেল ধরেই আসতে পারে। এআই (কৃত্রিম বুদ্ধিমত্তা) আসার পর এগুলো আরও বেড়েছে। এজন্য দরকার জ্ঞান ও সচেতনতা বাড়ানো।„ ”আমাদের দেশে টাকা এলে তো সমস্যা নাই। সাধারণত পেপ্যালে অল্প পরিমাণে অর্থ পাঠানো হয়। সমস্যা হবে রেগুলেটরিতে। অর্থাৎ, কেউ পেপ্যাল টু পেপ্যাল ট্রানজেকশন করলে তা সরকারের মনিটরিংয়ের বাইরে থাকবে। সরকারের কনসার্নও (চিন্তার কারণ) মেবি এটা।„ এছাড়া অনলাইন বা ডিজিটাল ট্র্যানজেকশন নিয়ে যাদের খুব একটা জানাশোনা নেই, তাদের জন্য এটি ব্যবহার করা কিছুটা চ্যালেঞ্জিং হতে পারে বলে বলছেন ব্যাংক খাতের সংশ্লিষ্টরা।

বেসরকারি খাতের ইস্টার্ন ব্যাংক লিমিটেডের হেড অব ইনফরমেশন সিস্টেম অডিট রাশেদুল ইসলাম বলেন, বাংলাদেশে চালু করতে হলে পেপ্যালকে কোনো একটি ইনস্টিটিউটের মাধ্যমে পরিচালনা বা নিয়ন্ত্রণ করতে হবে। ”এখন এটা ব্যাংক করবে, নাকি থার্ড পার্টি করবে- এটা ঠিক করতে হবে। এখানে একটা গাইডলাইন আসতে হবে যে, কীভাবে প্রসেস করবে, সেটেলমেন্ট হবে। এগুলো না করে এটা চালু করা কঠিন,„ বলছিলেন তিনি। তার ব্যাখ্যায়, পেপ্যাল অ্যাকাউন্টের মালিক কে, কী ধরনের গ্রাহক তিনি, তার আয়ের উৎস কী, তিনি কোথায় ও কার কাছে টাকা পাঠাচ্ছেন, এরকম কিছু তথ্য উন্মুক্ত থাকতে হবে। তিনি এক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের নিয়ন্ত্রণের ওপর জোর দেন। ”রেগুলেট করতে না পারলে কেউ যে-কোনো অ্যামাউন্টের টাকা পাঠাতে পারবে। তখন মানি লন্ডারিং ও অপরাধমূলক কর্মকাণ্ড বেড়ে যাবে,„ যোগ করেন তিনি। তবে, ব্যাংক খাতের বিশেষজ্ঞরা বলছেন, পেপ্যালের মতো অনলাইন লেনদেন ব্যবস্থার আরেকটি ঝুঁকির দিক হচ্ছে, গ্রাহকেরা প্রতারণার শিকার হলে কেন্দ্রীয় ব্যাংকের যে সংস্থা মানি লন্ডারিং ও আর্থিক অনিয়ম প্রতিরোধে কাজ করে, সেই বিএফআইও তারা ২৪/৭ মানে সার্বক্ষণিক সেবা দিতে পারে না। ফলে প্রতারণা শিকার হলে প্রতিকার পাবার ব্যবস্থা কী এবং কত দ্রুত সময়ের মধ্যে তা হবে, তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৪.২০২৬ আলী আহমেদ)

## ’গুপ্ত’ বলাতেই কি ছাত্রদলের ওপর ক্ষিপ্ত ছাত্রশিবির?

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকেই বাংলাদেশের রাজনীতিতে ঘুরেফিরে বারবার আলোচনায় এসেছে ’গুপ্ত’ শব্দটি। এর সূত্র ধরেই গত মঙ্গলবার চট্টগ্রামের সিটি কলেজে ছাত্রদল ও ছাত্রশিবিরের সংঘর্ষের ঘটনাও ঘটেছে। প্রশ্ন উঠছে, গুপ্ত রাজনীতির বলার পর ছাত্রশিবিরের তরফ থেকে কেন প্রতিক্রিয়া আসছে?

যদিও ছাত্র সংগঠনটির দাবি, 'গুপ্ত' লেখার কারণে তারা কোনো ধরনের প্রতিক্রিয়া দেখায়নি। বরং তাদের ওপর হামলা হওয়ার পরই তারা প্রতিক্রিয়া জানিয়েছে। একইসাথে, দেশ পরিচালনায় বিএনপি সরকারের ব্যর্থতার দায় ঢাকতে এমন বিতর্ক সৃষ্টি করে তাদের অঙ্গসংগঠন ছাত্রদল জনসাধারণের দৃষ্টি অন্যদিকে সরানোর চেষ্টা করছে বলেও দাবি করেছে ছাত্রশিবিরের একাধিক নেতা। তবে এমন দাবি নাকচ করে দিয়েছে ছাত্রদল। সংগঠনটির নেতারা বলছেন, গ্রাফিতির জবাব গ্রাফিতি এঁকে দেওয়ার কথা ছিল, তা না করে সংঘর্ষে লিপ্ত হয়েছে ছাত্রশিবির। সিটি কলেজে হামলার ঘটনায় সম্পূর্ণ দায়ভার ছাত্রশিবিরের বলেও দাবি করেছেন তারা। মূলত, গণ-অভ্যুত্থানের আগে ছাত্রশিবিরের একাধিক নেতার বিরুদ্ধে পরিচয় গোপন করে বর্তমানে নিষিদ্ধঘোষিত সংগঠন ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত থাকার অভিযোগ উঠেছে। এমনকি জাতীয় নির্বাচনের প্রচারণার সময়ও বিএনপির দলীয় প্রধান ও বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানের মুখেও গুপ্ত রাজনীতির কথা শোনা গিয়েছিল। যদিও সেসময় তিনি কারও নাম উল্লেখ করেননি। পরে তার জবাবও দেন জামায়াতের আমির ও বর্তমান বিরোধী দলীয় নেতা শফিকুর রহমান।

**দেয়ালে 'গুপ্ত' লেখা ও সংঘর্ষ নিয়ে যা বলছেন দুই সংগঠনের নেতারা**

গত মঙ্গলবার কলেজ ভবনের দেয়ালে লেখা "ছাত্ররাজনীতি ও ছাত্রলীগ মুক্ত ক্যাম্পাস„-এর ছাত্র শব্দটি কালি দিয়ে মুছে 'গুপ্ত' লেখে ছাত্রদলের নেতা-কর্মীরা। সেখান থেকেই সংঘর্ষের সূত্রপাত বলে দাবি করে ছাত্রদল। যদিও ঘটনা নিয়ে সম্পূর্ণ ভিন্ন দুই বক্তব্য আসছে সংঘর্ষে জড়ানো দুই ছাত্র সংগঠনের পক্ষ থেকে। ছাত্রশিবিরের দাবি, গুপ্ত লেখা নিয়ে তারা কোনো প্রতিক্রিয়া দেখায়নি। বরং লেখাটিকে ঘিরে চলমান "মিথ্যাচারকে এনজয়„ করছেন বলে দাবি করেছেন ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম। তার দাবি, সিটি কলেজে টানানো তাদের দলীয় পোস্টার নামিয়ে দেয় ছাত্রদল। এবিষয়ে কলেজটির অধ্যক্ষের কাছে অভিযোগ দিয়ে বেরিয়ে আসার পর ছাত্রশিবিরের নেতা-কর্মীদের সাথে তাদের হাতাহাতি হয় এবং একজন শিক্ষককেও লাঞ্ছিত করা হয়। তারপর মূল ফটকের বাইরে বহিরাগতদের নিয়ে তাদের ওপর আঘাত করা হয়, যার প্রতিবাদে বিকেলে মিছিল বের করলে অস্ত্রশস্ত্র নিয়ে ছাত্রদল পেছন থেকে হামলা করে বলে দাবি করেন তিনি। "এটা হচ্ছে সূত্রপাত। এমনি ওই লেখা নিয়ে কোনো বিষয় ঘটেনি,„ বিবিসি বাংলাকে বলেন মি. ইসলাম। অনেকটা একই কথা বলেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের সাধারণ সম্পাদক ও ছাত্রশিবিরের কেন্দ্রীয় কমিটির প্রচার সম্পাদক এস এম ফরহাদ। "মুশকিল হচ্ছে, আপনি গুপ্ত ডেকে গ্রাফিতি আঁকবেন- নো প্রবলেম। কিন্তু সেখানে শিবিরের আস্তানা ভেঙে দাও, গুড়িয়ে দাও বলে স্লোগান দিলেন- তখনতো আমি রিঅ্যাক্ট করবো,„ বলেন তিনি।

অন্যদিকে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক নাছির উদ্দীন বলছেন, ছাত্রদলের নেতা-কর্মীরা গ্রাফিতি বা দেয়াল লিখনে 'গুপ্ত' লেখার কারণে ছাত্রশিবির তাদের ওপর হামলা করেছে। হামলার পর 'সামান্য পরিসরে হাতাহাতির' ঘটনার সময় শিবির ও ছাত্রদলের নেতাকর্মীরা ছিল। পরে অধ্যক্ষের উপস্থিতিতে সমস্যার সমাধান করার চেষ্টা হলে তারা চলে যান। "এরপরে তারা সামাজিক যোগাযোগ মাধ্যমে তারা উসকানি দেন এই বলে যে, ছাত্রদলের নেতা-কর্মীরা নাকি লেজ গুটিয়ে চলে গেছে- এসব অভিযোগ করে বিভিন্ন সামাজিক মাধ্যমে তারা পোস্ট দিয়েছে। এরপরই পরিস্থিতি উত্তপ্ত হয়েছে,„ বলেন তিনি। নাছির উদ্দীন বলেন, গুপ্ত লেখার কারণে ছাত্রশিবিরের নেতাকর্মীরা যদি সংক্ষুব্ধ হয়ে থাকেন কিংবা বিষয়টি তাদের অপছন্দ হয়ে থাকে, তাহলে তারা আরেকটি গ্রাফিতি আঁকতে পারতো। "কিন্তু সেটি না করে তারা সংঘর্ষে জড়িয়েছে।„ ছাত্রশিবিরের একাধিক কেন্দ্রীয় নেতা বিবিসি বাংলাকে বলেছেন, তারা 'গুপ্ত' শব্দটিকে একেবারেই গুরুত্ব দিচ্ছেন না। বরং একে 'স্যাটায়ার' হিসেবে নেয়ার কথাও বলেছেন তাদের কেউ কেউ। সেক্ষেত্রে, বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে "গুপ্ত রাজনীতি নিষিদ্ধ চাই„ লেখাটির পাশে দাঁড়িয়ে শিবিরের নেতাকর্মীদের ছবি তোলার প্রসঙ্গও টানেন ছাত্রশিবিরের সাবেক সভাপতি জাহিদুল ইসলাম। তিনি দাবি করেন, ছাত্র রাজনীতিতে ছাত্রদল নিজেদের প্রাসঙ্গিকতা হারিয়েছে। একই সুরে নূরুল ইসলাম ও ডাকসুর সহ-সভাপতি সাদিক কায়েম বিবিসি বাংলাকে বলেন, ছাত্রদলের নতুন কোনো কর্মসূচি না থাকা এবং পুরোনো রাজনীতির ধারায় থেকে যাওয়ার কারণে তাদের সাথে সাধারণ শিক্ষার্থীদের দূরত্ব বেড়েছে।

**যেভাবে গুপ্ত রাজনীতির আলাপ শুরু**

বাংলাদেশের নিষিদ্ধঘোষিত বেশ কয়েকটি সংগঠন গোপনে দলীয় কার্যক্রম পরিচালনা করলেও, রাজনীতির মাঠে এই শব্দটি চাঙ্গা হয়ে ওঠে ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের পর থেকে। ৫ আগস্টের পর থেকে ছাত্রলীগের রাজনীতির সাথে যুক্ত থাকা ছাত্রশিবিরের বেশ কয়েকজন নেতা নিজেদের রাজনৈতিক পরিচয়ে আত্মপ্রকাশের খবরে সয়লাব হয় সামাজিক মাধ্যম। আর সেখান থেকেই আলোচনায় আসে গুপ্ত রাজনীতির বিষয়টি। বিশেষ করে, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ- ডাকসু নির্বাচনে জয়ী শীর্ষ দুটি পদে থাকা সহ-সভাপতি সাদিক কায়েম ও সাধারণ সম্পাদক এসএম ফরহাদের অতীতে ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত থাকার অভিযোগ সামনে আসে ছাত্রদলসহ বিশ্ববিদ্যালয়ের আরও কিছু ছাত্র সংগঠনের পক্ষ থেকে। তারা দুইজনই বর্তমান ছাত্রশিবিরের কেন্দ্রীয় কমিটিতে আছেন। দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়েও একই ঘটনার উদাহরণ রয়েছে বলে দাবি করেছেন ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন।

এছাড়া, আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ে এক সময় ছাত্রলীগ ও ছাত্রদলের ব্যানারে থাকা কয়েকজন নেতার পরবর্তী সময়ে ছাত্রশিবিরের সদস্য হিসেবে আত্মপ্রকাশের বিষয়ে দেশের একাধিক গণমাধ্যমেও খবর প্রকাশিত হয়েছে। ফলে পরিচয় গোপন করে রাজনীতি করার প্রবণতাই 'গুপ্ত' নামে পরিচিতি পায়। যদিও এসব দাবি একেবারেই উড়িয়ে দিয়েছে ছাত্রশিবির। এই অভিযোগকে 'হাস্যকর' উল্লেখ করে সংগঠনটির নেতারা দাবি করেছেন, আওয়ামী লীগ থাকা অবস্থায়ও তারা নিজ পরিচয়ে মিছিল করেছেন। "ছাত্রশিবির ২০২৩-২৪ সালেও প্রত্যেক জেলায় জেলায় বড়ো বড়ো বিক্ষোভ মিছিল করেছে ফ্যাসিস্টের বিরুদ্ধে,, দাবি করেন এস এম ফরহাদ।

এর আগে, ২০২৪ সালের সেপ্টেম্বরে সামাজিক মাধ্যমে একটি পোস্ট ভাইরাল হয়, যেখানে ছাত্রলীগের কমিটিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক এস এম ফরহাদের নাম ছিল। পরে এক সংবাদ সম্মেলন করে মি. ফরহাদ বলেছিলেন, ছাত্রলীগের কমিটির কিছু প্রক্রিয়া আছে। আমি কখনও সেসব প্রক্রিয়া অনুসরণ করিনি। কখনও সিভি জমা দিইনি। তবু কেন আমাকে পদ দিল, সে প্রশ্ন ছাত্রলীগকে করা উচিত। মি. কায়েমকে এই বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, "এটারতো কোনো প্রমাণ নাই। আমি কি কোনো কমিটিতে ছিলাম?„ ছাত্রদলের বিরোধিতা করার জন্য কোনো আদর্শিক ভিত্তি না থাকায় 'আগের ছাত্রলীগের মতো তারা দায় দেওয়ার রাজনীতি' করছে বলেও মন্তব্য করেন তিনি।

তবে ছাত্রদল বলছে, ৫ আগস্টের পর থেকে রাজনৈতিক পটপরিবর্তন হলেও, ছাত্রশিবির তাদের পরিচয় গোপন রাখার রাজনীতি চালিয়ে যাচ্ছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পূর্ণাঙ্গ কমিটির নাম তারা প্রকাশ করেনি, বরং পরিচয় গোপন করে সাধারণ শিক্ষার্থীদের 'বিভ্রান্ত' করছে। ফলে কোনো অন্যায় কর্মকাণ্ডের সাথে জড়িত থাকা সত্ত্বেও, তাদের রাজনৈতিক পরিচয় প্রকাশ্যে আসছে না। একইসাথে নিজেদের স্বার্থও হাসিল করে নিচ্ছে সংগঠনটি, বলেন। আর ছাত্রশিবিরের দাবি, তারা পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেছে। তবে সংগঠনটির কমিটির ধরন অন্যদের মতো না হওয়ায়, বাকিরা এই বাস্তবতা স্বীকার করে নিচ্ছে না। "আমাদের সাংগঠনিক চার হাজার থানা আছে। চার হাজার থানার আশি হাজার লোকের তালিকা কেন দেবো আমি? মানে এটা কি মামলা দেবেন আপনি, সেজন্য দেবো? বা আমার ওপর নির্যাতন করবেন, তাই দেবো নাকি। এটা কোনো লজিক্যাল কথা হতে পারে?„ বলেন ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম। বরং দেশ পরিচালনায় বিএনপি সরকারের ব্যর্থতা ঢাকতেই এই সময়ে এসে 'গুপ্ত' নিয়ে বিতর্ক উদ্দেশ্যমূলকভাবে চাঙ্গা করা হচ্ছে বলে দাবি করেন সংগঠনটির নেতারা। "তারা তাদের মতো করে রাজনৈতিক ফায়দা হাসিলের জন্য, জাতীয় জায়গা থেকে রাজনীতিতে দৃষ্টি ফেরানোর জন্য সম্ভবত এই ধরনের অ্যাজেন্ডা তারা বিভিন্ন জায়গায় বাস্তবায়নের চেষ্টা করছেন,„ বলেন মি. ইসলাম।

এদিকে, সরকারের সাথে এই বিতর্কের কোনো সংশ্লিষ্টতা নেই বলে দাবি করেছেন ছাত্রদলের সাধারণ সম্পাদক। আর সরকার গঠনের মাত্র দুই মাসের মাথায় ব্যর্থতা-সফলতার পরিমাপ করা যায় না বলে মন্তব্য করেন ছাত্রদল সভাপতি রাকিবুল ইসলাম রাকিব। "এগুলো পরিমাপ করার জন্য দুই মাস যথেষ্ট সময় না। তারা খুবই অপরিপক্ক রাজনীতির পরিচয় দিচ্ছেন,„ বলেন তিনি। একইসাথে গোপন রাজনীতি কখনও কোনো দেশকে স্থিতিশীল রাখতে দেয় না বলেও মত দেন মি. রাকিব। একইসাথে "চূড়ান্ত পতনের ভয়ে„ ছাত্রশিবির এখন পর্যন্ত তাদের সবার পরিচয় প্রকাশ্যে আনেনি বলেও মন্তব্য করেন ছাত্রদলের এই সভাপতি। এর আগে, জাতীয় নির্বাচনের প্রচারণার সময় এক ভাষণে বিএনপির দলীয় প্রধান ও বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানও 'গুপ্ত' প্রসঙ্গ টেনে বলেছিলেন, "অনেকেই এসে আপনাদের বিভ্রান্ত করার চেষ্টা করবে। যারা আপনাদের বিভ্রান্ত করার চেষ্টা করবে, দেখামাত্র তাদের বলবেন, গুপ্ত তোমরা কারণ, তাদের গত ১৬ বছর আমরা দেখি নাই। তারা ওদের সঙ্গে মিশে ছিল, যারা ৫ তারিখে (৫ আগস্ট) পালিয়ে গিয়েছে।„ তারেক রহমান এই কথা বলার পরদিনই এক জনসভায় জামায়াতের আমির ও বর্তমান বিরোধী দলীয় নেতা বলেন, "অনেকে আমাদেরকে খোঁচা দেয়। আমরা নাকি গুপ্ত নাকি সুপ্ত। লজ্জা! নিজেরা যারা গুপ্ত-সুপ্ত হয়ে থেকেছেন, সেই লোক যদি আমাকে গুপ্ত বলেন, আপনাকে গুপ্ত বলে, আপনার কেমন লাগবে বলেন!„

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৪.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি দিয়ে চলা জাহাজের কাছ থেকে প্রথম টোল সংগ্রহের খবর জানালো ইরান

ইরানের পার্লামেন্টের ডেপুটি স্পিকার হামিদ রেজা হাজি বাবেই জানিয়েছেন, হরমুজ প্রণালি দিয়ে চলা জাহাজের ওপর টোল বা রাজস্ব আরোপের পর, প্রথম সংগৃহীত অর্থ দেশটির কেন্দ্রীয় ব্যাংকে জমা পড়েছে। তাসনিম নিউজ এজেন্সিতে প্রকাশিত খবর অনুযায়ী, এ রাজস্ব কীভাবে সংগ্রহ করা হয়েছে বা কারা এ টোল পরিশোধ করেছে, সে সম্পর্কে তিনি বিস্তারিত কোনো তথ্য দেননি। বিবিসি স্বাধীনভাবে তার এ দাবির সত্যতা যাচাই করতে পারেনি। চলমান যুদ্ধবিরতির আগে তেহরান জানিয়েছিল যে, তারা কেবল তাদের ভাষায় 'বন্ধুত্বপূর্ণ' দেশগুলো বাদে অন্যদের জন্য হরমুজ প্রণালিতে যাতায়াত সীমিত করেছে এবং হরমুজ দিয়ে চলাচলকারী জাহাজ থেকে টোল আদায়ের বিষয়ে আলোচনা চলছিল। তবে, সে সময় ইরান যাতায়াতের জন্য ঠিক কী পরিমাণ অর্থ ফি হিসেবে নিচ্ছে বা আদৌ কোনো ফি নিচ্ছে কি না, সে নিয়ে কোনো স্পষ্ট ব্যাখ্যা পাওয়া যায়নি। যেমন, মার্চের শেষের দিকে হরমুজ প্রণালি পার হওয়ার জন্য তেহরান

জাহাজপ্রতি ২০ লক্ষ ডলার বা দেড় মিলিয়ন পাউন্ড ফি নিচ্ছে- এমন খবর প্রকাশিত হলে ভারতে অবস্থিত ইরানি দূতাবাস সে দাবি অস্বীকার করেছিল। আজ ইরানের আরেকজন উর্ধ্বতন সংসদ সদস্য আলিরেজা সালিমি তাসনিম নিউজকে বলেছেন, ”আমি নির্ভরযোগ্য সূত্রে জানতে পেরেছি, ইরান হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজ থেকে ফি সংগ্রহ করেছে।„ তিনি আরও বলেন, ”প্রতিটি জাহাজ থেকে সংগৃহীত অর্থের পরিমাণ এবং ফি নির্ভর করে জাহাজের ধরন, বহন করা পণ্যের পরিমাণ এবং ওই জাহাজ ইরানের জন্য কতটা ঝুঁকিপূর্ণ তার ওপর। এই ফি কীভাবে এবং কী পরিমাণে সংগ্রহ করা হবে, তা ইরান নির্ধারণ করে। এসব নিয়ম আমরাই ঠিক করি।„
(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালিতে মাইন স্থাপনকারী নৌযান দেখলেই গুলির নির্দেশ ট্রাম্পের

হরমুজ প্রণালিতে কোনো নৌযানকে মাইন স্থাপন করতে দেখলে, তাদের ওপর গুলি চালানোর জন্য মার্কিন নৌবাহিনীকে নির্দেশ দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। সামাজিক যোগাযোগমাধ্যম `ট্রুথ সোশ্যাল,-এ দেওয়া এক পোস্টে এই কথা জানান তিনি। পোস্টে ট্রাম্প বলেন, ”আমি মার্কিন নৌবাহিনীকে নির্দেশ দিয়েছি, হরমুজ প্রণালির জলসীমায় কোনো নৌযান- সেটি যতই ছোটো হোক না কেন, যদি মাইন বসাতে দেখা যায়, তবে তাদের গুলি করে ধ্বংস করে দিতে হবে।„ তিনি উল্লেখ করেন যে, এই নির্দেশ বাস্তবায়নে ”কোনো দ্বিধা করা যাবে না„। এছাড়া, মার্কিন নৌবাহিনীর মাইন সুইপারগুলো বর্তমানে হরমুজ প্রণালি থেকে মাইন অপসারণের কাজ চালিয়ে যাচ্ছে বলেও পোস্টে দাবি করেন ট্রাম্প। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ এলিনা)

## ইরানিরা জানে না তাদের নেতা কে, মন্তব্য ট্রাম্পের

ইরানের নেতৃত্বের জায়গাটি বর্তমানে স্পষ্ট নয় বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সামাজিক যোগাযোগমাধ্যম `ট্রুথ সোশ্যাল,-এ দেওয়া এক পোস্টে তিনি দাবি করেন, ইরান এখন তাদের নেতা কে, তা নির্ধারণ করতেই হিমশিম খাচ্ছে। ট্রাম্প আরও দাবি করেছেন যে, ইরানের ভেতরে ”কট্টরপন্থী„ এবং ”মধ্যপন্থিদের„ মধ্যে এখন অভ্যন্তরীণ দ্বন্দ্ব চলছে। হরমুজ প্রণালিতে মাইন স্থাপনকারী যে-কোনো ইরানি নৌযানে গুলি চালানোর নির্দেশ দেওয়ার কয়েক মিনিটের মধ্যেই এই পোস্টটি করেন মার্কিন প্রেসিডেন্ট। বর্তমানে হরমুজ প্রণালির ওপর যুক্তরাষ্ট্রের ”পূর্ণ নিয়ন্ত্রণ„ রয়েছে বলেও দাবি করেন মি. ট্রাম্প। তিনি জানান, মার্কিন অনুমোদন ছাড়া কোনো জাহাজ ওই পথ দিয়ে প্রবেশ বা বের হতে পারবে না।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ রুবাইয়া)

## আমি যা করছি, তা বেশ কার্যকর,: ইরানকে হুমকির বিষয়ে বিবিসিকে ট্রাম্প

ইরানের বিরুদ্ধে নেওয়া কঠোর অবস্থান এবং হুমকিগুলো কতটা কার্যকর, সে বিষয়ে বিবিসির প্রশ্নের জবাবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ”আমি যা-ই করছি, তা খুব ভালোভাবেই কাজ করছে।„ বিবিসির উত্তর আমেরিকা সম্পাদক সারাহ স্মিথ এক সংক্ষিপ্ত টেলিফোন আলাপে ট্রাম্পের কাছে জানতে চেয়েছিলেন, এ মাসের শুরুর দিকে তিনি যে বলেছিলেন ”আজ রাতেই একটি পুরো সভ্যতা ধ্বংস হয়ে যাবে,„ সেটি কি ইরানের বিরুদ্ধে পারমাণবিক অস্ত্র ব্যবহারের হুমকি ছিল? উত্তরে ট্রাম্প বলেন, ”বিপরীত পক্ষ এখন যে-কোনো মূল্যে একটি চুক্তি করতে মরিয়া হয়ে আছে। সুতরাং আমি যা-ই বলছি বা করছি, তা খুব ভালোভাবেই কাজ করছে। অনেক ধন্যবাদ।„ ন্যাটো জোটের বিষয়ে ট্রাম্প বলেন, ইরানের সঙ্গে যুদ্ধে যুক্তরাষ্ট্রের ন্যাটোর কোনো প্রয়োজন নেই, তবে তাদের সেখানে ”থাকা উচিত ছিল„। কেন তিনি তাদের যুদ্ধে যোগ দিতে বলেছিলেন- এমন প্রশ্নে ট্রাম্প বলেন, ”কারণ আমি দেখতে চেয়েছিলাম, তারা আদৌ এই যুদ্ধে জড়াতে আগ্রহী কি না।„ যুক্তরাজ্য ও ন্যাটোর প্রতি যুক্তরাষ্ট্রের সমর্থন সবসময় রয়েছে উল্লেখ করেন মি. ট্রাম্প। একইসঙ্গে যুক্তরাজ্যের সমালোচনা করে তিনি বলেন, অন্তত ন্যূনতম প্রচেষ্টা বা ভালো কিছু কথা বলা যুক্তরাজ্যের উচিত ছিল। ট্রাম্প দাবি করেন, যুক্তরাজ্যের ”অনেকেই„ তার প্রশাসনের কাছে জানিয়েছেন যে, যুদ্ধে অংশগ্রহণ না করার সিদ্ধান্তটি তাদের জন্য ”ভয়াবহ ভুল„ ছিল।
(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ রুবাইয়া)

# এনএইচকে

## যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতির সম্প্রসারণ নিয়ে মিশ্র সংকেত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিউইয়র্ক পোস্টকে বলেছেন যে, ইরানের সঙ্গে আলোচনা শুক্রবারের মধ্যেই শুরু হতে পারে। তবে, ইরানি নেতারা এই ধারণাটি প্রত্যাখ্যান করছেন বলে মনে হচ্ছে। পাকিস্তানের কর্মকর্তারা এই আলোচনায় মধ্যস্থতা করছেন। পত্রিকাটি ইসলামাবাদের সূত্রের বরাত দিয়ে জানিয়েছে যে, ইরানের সঙ্গে ”ইতিবাচক মধ্যস্থতার প্রচেষ্টা„ চলছে এবং আগামী ”৩৬ থেকে ৭২ ঘণ্টার„ মধ্যে আরও আলোচনা হতে পারে। একটি টেক্সট মেসেজে ট্রাম্প পত্রিকাটিকে জানিয়েছেন যে, এই সময়সীমা ”সম্ভব„। তবে, ইরানের তাসনিম নিউজ এজেন্সি বুধবার সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছে যে, ”ট্রাম্প আবারও মিথ্যা বলেছেন।„ এতে বলা হয়েছে, কর্মকর্তারা শুক্রবার আলোচনায় যোগ দেওয়ার কোনো সিদ্ধান্ত নেননি। ইরানের সংসদীয় স্পিকার মোহাম্মদ বাঘের ঘালিবাফ বুধবার

সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করেছেন যে, যুদ্ধবিরতি শুধুমাত্র তখনই ”অর্থপূর্ণ„ হবে, যখন ইরানের ওপর যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ একে লঙ্ঘন করবে না।(এনএইচকে ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

## ঢাকায় লোডশেডিং ১-২ ঘণ্টা, গ্রামে ১৪ ঘণ্টা : রুমিন ফারহানা

গ্যাস বিতরণে বৈষম্যের অভিযোগ তুলে সংসদে অসন্তোষ প্রকাশ করেছেন ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল-আশুগঞ্জ) আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা। তিনি বলেন, আমার নির্বাচনি এলাকা ব্রাহ্মণবাড়িয়া-২ এর অন্তর্গত আশুগঞ্জ একটি শিল্প নগরী। এখানে আছে সার কারখানা, বিদ্যুৎকেন্দ্র, চালকল, মিল, ফ্যাক্টরি, বন্দর। ব্রাহ্মণবাড়িয়ার গ্যাস যায় সারা বাংলাদেশে, কিন্তু ব্রাহ্মণবাড়িয়ার মানুষ গ্যাস পায় না।„ আজ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ২০তম দিনে সিদ্ধান্ত-প্রস্তাবের ওপর আলোচনায় তিনি এ কথা বলেন। রুমিন ফারহানা বলেন, ”সরাইল সদরে দেড় কিলোমিটার এলাকায় ৬ ইঞ্চি এবং ১ কিলোমিটার এলাকায় ৪ ইঞ্চি ব্যাসের পাইপ দিয়ে গ্যাস সঞ্চালন লাইন টানা হয়েছে, এরপর পাড়ায় পাড়ায় ২ ইঞ্চি ব্যাসের পাইপ বসানো হয়েছে। সমস্যা হলো- সকাল ৭টা থেকে দুপুর ২টার পর্যন্ত গ্যাসের চাপ থাকে না, চুলা মিটমিট করে জ্বলে। এরপর মন চাইলে গ্যাস আসে ১ ঘণ্টার জন্য, তারপর আবার রাত পর্যন্ত গ্যাসের কোনো খবর নাই। দেশে গ্যাসের সংকট আছে। তার ওপর শীতকালে গ্যাসের চাহিদা আরো বাড়ে। অন্যদিকে আছে অবৈধ সংযোগ।” বাখরাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড ব্রাহ্মণবাড়িয়া কার্যালয়ের বরাত দিয়ে তিনি বলেন, ”লোকবলের অভাবসহ সংকটে তাদের পক্ষে পুরোপুরি তদারক করা সম্ভব হচ্ছে না।„ ”২০১৬ সালে বাসা-বাড়িতে গ্যাসের সংযোগ দেওয়া বন্ধ হলেও, অসাধু কর্মকর্তাদের সাহায্যে এখনো বেশ কিছু বাড়িতে গ্যাসের সংযোগ নিয়ে রেখেছে। সরকার রাজস্ব বঞ্চিত হচ্ছে এবং যাদের বাড়িতে বৈধ লাইন আছে, তারাও গ্যাস পাচ্ছে না। শেষে মাটির চুলা, এলপিজি সিলিন্ডার আর বৈদ্যুতিক চুলা ভরসা। আমাদের জীবনমানের এখন এমন উন্নয়ন হয়েছে, গ্রাম বা মফস্বল এলাকাতেও এখন মানুষ ফ্ল্যাট-পাকা বাড়িতে থাকে। উঠান এখন অনেকটাই বিলাসিতা। সুতরাং মাটির চুলায় রান্না করা বাস্তবতা বিবর্জিত,„ যোগ করেন তিনি। রুমিন আরো বলেন, ”এলপিজি ১ হাজার ৯৪০ টাকা সিলিন্ডার বলে বটে, তবে ২ হাজার ২০০ টাকার নিচে কোথাও সিলিন্ডার পাওয়া যায় না। আমরা যদি বিদ্যুতের চুলার কথা বলি, তাহলে বলতে হয়, ঢাকা শহরে ১-২ ঘণ্টা লোডশেডিং থাকে, কিন্তু গ্রামে সেটা ১৪ ঘণ্টা পর্যন্ত গড়ায়। সুতরাং গ্যাস ছাড়া আমাদের সত্যিকার অর্থে চুলা জ্বালানোর মতো জ্বালানি নেই।„ ”ব্রাহ্মণবাড়িয়ার গ্যাস যেহেতু দেশের অন্যান্য সব এলাকায় যায়, আমার দাবি থাকবে, ব্রাহ্মণবাড়িয়ার গ্যাস আগে ব্রাহ্মণবাড়িয়ার মানুষ পাবে, তারপর এটি অন্য এলাকায় যাবে।„ তিতাস গ্যাস ক্ষেত্রে ৩১ নম্বর কূপের খনন কার্যক্রম চলছে। আশা করা হচ্ছে, সেখান থেকে প্রতিদিন ৯ মিলিয়ন ঘন ফুট গ্যাস পাওয়া যাবে। এই কূপের গ্যাস প্রথমে ব্রাহ্মণবাড়িয়ার মানুষকে দেওয়ার দাবি জানান রুমিন ফারহানা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ রনি)

## বই পড়ায় আগ্রহী করতে আছে উদ্যোগ, তবুও তলানিতে বাংলাদেশ

`সিইওওয়ার্ল্ড ম্যাগাজিন'-এর করা জরিপটি ২০২৪ সালে প্রকাশ করা হয়েছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মোবাইল ফোন ব্যবহারের কারণে কতটা পাঠবিমুখ হচ্ছেন, তা নিয়ে একটি গবেষণা হয়েছে। এতে দেখা যায়, মোবাইল ফোনে সময় দেওয়া যত বাড়ছে, পাঠাভ্যাস তত কমছে। এই গবেষণার তিনজন গবেষকের একজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান ডয়চে ভেলেকে বলেন, ”পাঠাভ্যাস কমে যাওয়ার আরো অনেক কারণের সঙ্গে মোবাইল ফোনও একটি বড়ো কারণ।„ পাঠাভ্যাসের সাথে প্রাতিষ্ঠানিক পড়াশোনার উন্নয়নের সম্পর্ক ইতিবাচক। বাংলাদেশে ২০১৭ সালে প্রকাশিত একটি গবেষণায় দেখা যায় যে, শিক্ষার্থীরা `ডেভেলপিং দ্য রিডিং হ্যাবিট প্রোগ্রামে' অংশ নেয় তাদের বোর্ড ও স্কুলের পরীক্ষার ফলাফল যারা অংশ নেয় না, তাদের চেয়ে বেশ ভালো।

### বাংলাদেশের অবস্থান তলানিতে

`সিইওওয়ার্ল্ড ম্যাগাজিন'-এর জরিপ বলছে, বাংলাদেশে একজন মানুষ বছরে গড়ে ৬২ ঘণ্টা বই পড়েন। দিনে মাত্র ১০ মিনিট। গড়ে একজন মানুষ বছরে ২.৭৫টি বই পড়েন। সে হিসেবে ১০২ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৯৭। আর দ্বিতীয় স্থানে থাকা ভারতে বছরে একজন মানুষ গড়ে ৩৫২ ঘণ্টা বই পড়েন। বছরে একজন বই পড়েন ১৬টি। এই তালিকায় সবার শীর্ষে আছে মার্কিন যুক্তরাষ্ট্র। আর সবার নিচে আছে আফগানিস্তান। পাকিস্তানের অবস্থানও বাংলাদেশের পরে (১০০)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মোবাইল ফোন ব্যবহারের কারণে কতটা পাঠবিমুখ হচ্ছেন, তা নিয়ে একটি গবেষণা করা হয়েছে। ওই গবেষণার শিরোনাম ”মোবাইল ফোন আলাপন : ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক শিক্ষার্থীদের ওপর প্রভাব।„ তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের ১০০ শিক্ষার্থীর ওপর জরিপ করে। জরিপে দেখা যায়, মোবাইল ফোনে যারা যত বেশি সময় ব্যয় করে, তাদের পরীক্ষার ফলাফল তত খারাপ। আর ওই মোবাইল ফোন ব্যবহারকারীদের মধ্যে ৬১ শতাংশ শিক্ষার্থী তাদের পাঠ্যবইয়ের বাইরে অন্য কোনো বই পড়েন না।

গবেষণায় বলা হয়, মোবাইল ফোনে সময় দেওয়া যত বাড়ছে, পাঠাভ্যাস তত বিপরীতমুখী হয়ে কমছে। বই কেনার প্রবণতাও কমছে। কারণ তাদের অর্থের বড়ো একটি অংশ মোবাইল ফোনের খরচ মেটাতে চলে যায়। ওই গবেষণার একজন গবেষক অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান বলেন, ”মোবাইল ফোন ব্যবহারের ভালো দিক হলো শিক্ষার্থীরা অনলাইনে পাঠ্যবই বা অন্য বই সহজে পড়তে পারেন। কিন্তু খারাপ দিক হলো- তারা সেটা করতে গিয়ে কোনো ভিডিও বা বিনোদনে ঢুকে পড়েন। সেখানেই বেশি সময় দেন। আর অযথা মোবাইলে কথা বলেও সময় নষ্ট করেন। পাঠাভ্যাস কমে যাওয়ার আরো অনেক কারণের সঙ্গে এই মোবাইল ফোনও একটি বড়ো কারণ।„ তিনি বলেন, ”সাধারণ পর্যবেক্ষণেই এটা স্পষ্ট যে, এখন বই পড়ার অভ্যাস ব্যাপকভাবে কমছে বাংলাদেশে।„

**পাঠাভ্যাস গড়ে তোলার যত উদ্যোগ**

পাঠাভ্যাস গড়ে তোলার সবচেয়ে বড়ো কাজটি বাংলাদেশে করছে বিশ্বসাহিত্য কেন্দ্র। আলোকিত মানুষ গড়ার লক্ষ্যে তাদের পুরো কার্যক্রমই পাঠাভ্যাস কেন্দ্রিক। তবে, এর মধ্যে বিশেষভাবে রয়েছে ভ্রাম্যমাণ লাইব্রেরি ও পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি। আছে `আলোর ইশকুল' কর্মসূচি। বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচির যুগ্ম পরিচালক মেসবাহ উদ্দিন আহমেদ সুমন বলেন, ”দেশের এক হাজার ৪০০ শিক্ষা প্রতিষ্ঠানে এখন আমরা বই পড়া কর্মসূচি পরিচালনা করছি। প্রায় সব জেলায়ই আমাদের কর্মসূচি আছে। বর্তমানে এই কর্মসূচির সঙ্গে যুক্ত আছে ১ লাখ ৩০ হাজার শিক্ষার্থী। আর ছোটো-বড়ো গাড়ি মিলিয়ে আমাদের ৭৬টি ভ্রাম্যমাণ লাইব্রেরি আছে। ভ্রাম্যমাণ লাইব্রেরির পাঠক আছে ৩ লাখ ৭৫ হাজার। আমরা প্রায় ৩ হাজার ২০০ স্পটে ভ্রাম্যমাণ লাইব্রেরির সুবিধা দিতে পারি। এটা সারা দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত বিস্তৃত। `আলোর ইশকুল, নামে অনলাইনভিত্তিক বই পড়া কার্যক্রম আছে। ঢাকার জন্য আমাদের ভ্রাম্যমাণ বই মেলা আছে। আর আমাদের কেন্দ্রীয় লাইব্রেরিতে দুই লাখেরও বেশি বই আছে। আমরা বইও প্রকাশ করি। এ পর্যন্ত আমাদের ৫৭৪টি প্রকাশনা আছে।„ ”আমরা মূলত সরকারের সহায়তা নিয়েই এইসব কার্যক্রম চালাই। দুই-একটি কাজে সামান্য কিছু বাইরের বা বিদেশি সহায়তা নিয়েছি। যেমন ভ্রাম্যমাণ লাইব্রেরি যখন শুরু হয়, তখন নোরাড (নরওয়ের আন্তর্জাতিক উন্নয়ন সহায়তা ব্যবস্থাপনা সংস্থা) আমাদের চারটি গাড়ি দিয়েছিল,„ বলেন তিনি। শুরুতে নিজস্ব অর্থায়নে হলেও, বিশ্বসাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ লাইব্রেরির পুরোটাই এখন সরকারি অর্থায়নে পরিচালিত হচ্ছে।

সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প নামে যে প্রকল্প আছে, ওই প্রকল্পই বিশ্বসাহিত্য কেন্দ্রের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। সর্বশেষ, ২০১৮ সাল থেকে শুরু হওয়া ওই প্রকল্পের মেয়াদ ২০২৭ সাল পর্যন্ত। এই প্রকল্পের খরচ ১৪৯.৫৭ কোটি টাকা। এই প্রকল্পের পরিচালক সংস্কৃতি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) মু. বিল্লাস হোসেন খান। তিনি জানান, ”বিশ্বসাহিত্য কেন্দ্রের সঙ্গে এটা আমাদের তৃতীয় সংশোধিত প্রকল্প। এর আগে, আরো দুইটি প্রকল্পের কাজ শেষ হয়েছে।„ ”এখানে যে-সব বই পড়ানো হয়, তা আমরাই ঠিক করে দিই। আমরা পুরো প্রকল্প মনিটরিং করি। জেলা-উপজেলা পর্যায়ে আমাদের লোক থাকে,„ বলেন তিনি।

গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মনীষ চাকমা বলেন, ”ওই প্রকল্পের ঠিকাদার হলো বিশ্বসাহিত্য কেন্দ্র। তাদের মাধ্যমে আমরা বাস্তবায়ন করছি। কী বই পড়ানো হবে, তা আমরা পুরোটাই ঠিক করে দিই।„ বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচির যুগ্ম পরিচালক মেসবাহ উদ্দিন আহমেদ সুমন বলেন, ”হ্যাঁ, কী বই পড়ানো হবে, সেই সিদ্ধান্ত আমাদের হাতে নেই। এটা সরকার ঠিক করে দেয়।„ প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা আব্দুল্লাহ আবু সায়ীদ বৃহস্পতিবার বৈঠক করেছেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি সংবাদমাধ্যমকে জানান, বৈঠকে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বই পড়ার অভ্যাস গড়ে তোলার করণীয় নিয়ে আলোচনা হয়েছে। শিক্ষার্থীদের বই পড়ার অভ্যাস গড়ে তুলতে সরকারের সঙ্গে বিশ্বসাহিত্য কেন্দ্র একসঙ্গে কাজ করার বিষয়টিও বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।„ বৈঠকে আরো উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন, সংস্কৃতি মন্ত্রী নিতাই রায় চৌধুরী ও প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন ও ডা. জাহেদ উর রহমান।

এর আগে, ১৬ এপ্রিলও তারা বৈঠক করেন। কেন্দ্রের যুগ্ম পরিচালক মেসবাহ উদ্দিন আহমেদ সুমন প্রথম বৈঠক সম্পর্কে বলেন, ”বিশ্বসাহিত্য কেন্দ্রের সঙ্গে সরকার কাজ করার আগ্রহ দেখিয়েছে। কোনো চুক্তি হয়নি।„ এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ”সরকারের সহায়তায় আমরা এখন যে কাজ করছি, সেখানে মডেলটি আমাদের। কিন্তু কী পড়ানো হবে, তা আমরা ঠিক করি না, সরকার ঠিক করে।„ বাংলাদেশে `রুম টু রিড' নামে আরেকটি প্রতিষ্ঠান বই পড়া নিয়ে কাজ করছে। তাদের মাধ্যমেও সরকার কিছু কর্মসূচি বাস্তবায়ন করছে। বিশেষ করে, গণগ্রন্থাগার অধিদপ্তরের তাদের ৬৪ জেলায় যে পাবলিক লাইব্রেরি আছে, তার মাধ্যমে পাঠাভ্যাস গড়ে তোলার কাজ করছে। তারা `বুকস ইন ব্যাগ' নামে একটি প্রকল্প শুরু করেছে। এর মাধ্যমে জেলার ৫ কিলোমিটার এলাকায় পাঠকদের বই পৌঁছে দেওয়া হয়। আর এই কাজে রুম টু রিড সহায়তা করছে বলে জানান গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মনিষ চাকমা। রুম টু রিড-এর অ্যাডভোকেসি অ্যান্ড স্টেকহোল্ডার ম্যানেজার মো. হাফিজুর রহমান জানান, ”সাতটি জেলায় আমাদের কাজ

আছে। আমরা দুইভাবে কাজ করি। একটা হলো সরকারে সাথে। আরেকটি মাঠ পর্যায়ে আমাদের নিজস্ব প্রকল্প আছে। আমাদের দুইটি প্রোগ্রাম আছে। একটি সেকেন্ডারি এডুকেশন, আরেকটি প্রাইমারি।„ ”আমাদের সমস্যা হচ্ছে, আমাদের শিশুদের বাংলা ভাষায় দক্ষতা কম। কিন্তু বইগুলো বাংলায়। ফলে পাঠাভ্যাস বাধাগ্রস্ত হয়। সে কারণে আমরা পাঠাভ্যাসের সাথে কোয়ালিটি রিডিংকে গুরুত্ব দিই। আমরা শিশুরা যেন বাংলা ভাষা ভালোভাবে পড়তে পারে, সেই কার্যক্রমে জোর দেই। পড়তে পারলে পাঠাভ্যাসও গড়ে ওঠে।„ ”আমরা শ্রেণিকক্ষ, পাঠাগার স্থাপনেরও উদ্যোগ নিয়েছি। আর আমরা যে বইগুলো প্রকাশ করছি, তা পাঠক্রমেও অন্তর্ভুক্ত হচ্ছে। বইগুলো আমাদের সরকার ছেপে দিচ্ছে। আমাদের যে-সব এলাকায় কাজ আছে, সেখানে আমরা দেখেছি, পাঠাভ্যাসের উন্নতি হচ্ছে। কিন্তু অনেক জেলায়তো আমাদের কার্যক্রম নেই,„ বলেন তিনি। রুম টু রিড এ পর্যন্ত ১ লাখ ১০ হাজার ৬১১ শিশুকে ১২ লাখ ৯৪ হাজার ৫৪টি বই পড়িয়েছে। প্রতিটি শিশু গড়ে ১১.৭টি বই পড়েছে। পাঠাভ্যাসের সাথে প্রাতিষ্ঠানিক পড়াশোনার উন্নয়নের সম্পর্ক ইতিবাচক।

ন্যাশনাল অ্যাকাডেমি ফর প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট-এর অধীনে ২০১৭ সালে প্রকাশিত একটি গবেষণায় দেখা যায়, যে-সব শিক্ষার্থীরা `ডেভেলপিং দ্য রিডিং হ্যাবিট প্রোগ্রামে' অংশ নেয়, তাদের বোর্ড ও স্কুলের পরীক্ষার ফলাফল, যারা অংশ নেয় না, তাদের চেয়ে বেশ ভালো। তারা ২৬টি উপজেলায় ৬০ হাজার শিক্ষার্থীর ওপর ওই জরিপ পরিচালনা করে। এতে দেখা গেছে, যারা পরীক্ষায় ভালো করছে, তাদের ৬০ শতাংশ পাঠ্যবইয়ের বাইরে অন্য বই পড়েছে। বিশ্ব ব্যাংকের অর্থায়নে ২০১০ থেকে ২০১৭ সাল পর্যন্ত সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (এসইকিউএইপি)-এর অধীনে পাঠাভ্যাস বাড়ানোর জন্য নেওয়া সরকারের ওই প্রকল্পে ১২ হাজার সেকেন্ডারি স্কুল ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করা হয়েছিল। ওই গবেষণায় আরো বলা হয়, পাঠ্যবইয়ের বাইরে বই পড়ার অভ্যাস শিক্ষার্থীদের ক্লাস পরীক্ষার ফলাফল ভালো করতে সহায়তা করে। বাংলাদেশে জাতীয় গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীনে ঢাকায় কেন্দ্রীয় গণগ্রন্থাগার ছাড়াও সব জেলায় একটি করে জেলা গণগ্রন্থাগার আছে। এর মোট সংখ্যা ৭১টি। গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মনীষ চাকমা বলেন, ”আমরা চেষ্টা করছি, পাঠাভ্যাস বাড়াতে। এজন্য নানা উদ্যোগ নিচ্ছি। আমাদের লাইব্রেরিয়ানরা যেন বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের কাছে বই পৌঁছে দেওয়ার কাজ করতে পারে, সেজন্য একটি প্রকল্প বিবেচনাধীন আছে। আমাদের স্কুল প্রোগ্রাম আছে। আর বুকস ইন ব্যাগস নামেও একটি প্রকল্প চালু করেছি। এর মাধ্যমে আমরা পাঠকের কাছে বই পৌঁছে দেওয়ার চেষ্টা করছি। আর পাবলিক লাইব্রেরিতে কমিউনিটিকে এনগেজ করার চেষ্টা করছি। আমরা কোয়ালিটি রিডিং-এও গুরুত্ব দিচ্ছি। আমরা এসব কাজে রুম টু রিড নামে একটি আন্তর্জাতিক এনজিওকে যুক্ত করেছি।„ তবে অধিদপ্তরের অধীনে ৪৯ কোটি ৯৮ লাখ ৮৬ হাজার টাকা ব্যয়ে গণগ্রন্থাগারের অনলাইন সেবার নামে যে প্রকল্প হয়েছে, তা কাজে আসছে না বলে অভিযোগ আছে। মহাপরিচালক বলেন, ”এটা আগে হয়েছে। এখন আমরা এটাকে কার্যকর করার চেষ্টা করছি।„ সারা দেশে ৭১টি সরকারি গণগ্রন্থাগার ছাড়াও বেসরকারি ও ব্যক্তিগত উদ্যোগে পরিচালিত ১ হাজার ৫৩২টি গ্রন্থাগার সরকারিভাবে নিবন্ধিত। তবে এর মধ্যে ১ হাজার ২০০ গ্রন্থাগার সচল আছে। এগুলো দেখ-ভাল করে জাতীয় গ্রন্থকেন্দ্র। ২০২৪-২৫ অর্থবছরে ৮৪৩ গ্রন্থাগারকে সরকার মোট ২ কোটি ৭০ লাখ টাকা অনুদান দিয়েছে। ওই সময়ে বই দিয়েছে ২ কোটি ৭০ লাখ। তবে এই বইগুলো রাজনৈতিক এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পছন্দে কেনা হয় বলে অভিযোগ আছে। কোনো কোনো কর্মকর্তা তার নিজের এবং স্ত্রীর বইও তালিকায় ঢুকিয়ে দেন বলে অভিযোগ। জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক এ এইচ এম সাখাওয়াত উল্লাহ বলেন, ”বই বাছাই করার কমিটি করে মন্ত্রণালয়। সেখানে আমাদের একজন প্রতিনিধি থাকেন। ফলে কোন বই কেনা হবে, সে সিদ্ধান্ত আমরা নিই না, মন্ত্রণালয় নেয়।„

প্রসঙ্গত, গণগ্রন্থাগার অধিদপ্তর এবং জাতীয় গ্রন্থকেন্দ্র সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীনে। সাখাওয়াত উল্লাহ বলেন, ”আমরা পাঠাভ্যাস গড়ে তোলার উদ্যোগ নিচ্ছি। আমরা আট বিভাগে বই মেলা করব। আমরা বই দিবসে র্যালি করেছি। আমরা পাঠাগারগুলো পরিদর্শন করছি। সার্বিক অবস্থা জানার চেষ্টা করছি। শতবর্ষী পাঠাগারগুলো চিহ্নিত করছি।„ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান বলেন, ”পাঠাভ্যাস বাড়ানোর যে উদ্যোগগুলো আছে, দেখা যাচ্ছে সেখানে বই বাছাই করে দেয় সরকার। ফলে যারা ক্ষমতায় থাকে, তারা যেভাবে বিবেচনা করেন, সেইভাবে বই কেনা হয়। আমার মনে হয়, বই বাছাইয়ে স্বাধীন ও মুক্তবুদ্ধি চর্চার প্রাধান্য থাকা উচিত।„ তিনি বলেন, ”পাঠাভ্যাস বাড়াতে সরকারের সরাসরি কোনো উদ্যোগ নেই। এটা দুঃখজনক। এ ব্যাপারে সরকারের জোরালো উদ্যোগ নেওয়া প্রয়োজন। পাঠাভ্যাসের সঙ্গে দরকার কোয়ালিটি রিডিং। এখন শিক্ষার্থীরা বই বিমুখ হচ্ছে। তারা পাঠ্যবইও পড়ছে অনলাইনে, অথবা ফটোকপি করে। ফলে বইয়ের সঙ্গে তাদের আত্মিক সম্পর্ক তৈরি হচ্ছে না। তারা বই পড়ছে, লাইব্রেরিতে যাচ্ছে পরীক্ষায় পাসের জন্য, বিসিএস পরীক্ষা দেওয়ার জন্য। আমরা যে জ্ঞানভিত্তিক সমাজের কথা বলছি, তা থেকে পিছিয়ে পড়ছি।„ অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান বলেন, ”এখানে অভিভাবকদেরও দায় আছে, আমরাও পড়ছি না। শিশুরা, শিক্ষার্থীরা তো আমাদের দেখে শিখবে।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ রবি)

### ইরান যুদ্ধের প্রভাবে আবার দারিদ্র্যের শঙ্কায় কোটি মানুষ : জাতিসংঘ

জাতিসংঘের উন্নয়ন প্রধান আলেকজান্ডার ডি ক্রু বলেছেন, ইরান যুদ্ধের প্রভাবে ৩০ মিলিয়ন, অর্থাৎ তিন কোটিরও বেশি মানুষ আবার দারিদ্র্যের কবলে পড়বে। জ্বালানি ও সার সরবরাহে বিঘ্নের কথা উল্লেখ করে বার্তা সংস্থা রয়টার্সকে তিনি আরো বলেন, এমন এক সময়ে এ ঘটনা (ইরান যুদ্ধ) ঘটছে, যখন উত্তর গোলার্ধের কৃষকরা শস্য বীজ রোপণের জন্য গুরুত্বপূর্ণ মাসগুলোর দিন গুনছেন। বিশ্বের বেশিরভাগ সার উৎপাদিত হয় মধ্যপ্রাচ্যে। বিশ্বের বাকি অংশে সার পাঠানো তাই হরমুজ প্রণালির ওপর অনেকাংশে নির্ভরশীল। ইরান যুদ্ধের কারণে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল কার্যত বন্ধ। এ কারণে সারের দাম বেড়েছে, সারের সরবরাহও কমেছে। বেলজিয়ামের সাবেক প্রধানমন্ত্রী আলেকজান্ডার ডি ক্রু বলেন, সারের এই ঘাটতির কারণে ইতোমধ্যে কৃষি উৎপাদনশীলতা কমে গেছে। চলতি বছরের শেষের দিকে ফসলের ফলনেও এর প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে। তিনি বলেন, ”খাদ্য নিরাপত্তাহীনতা কয়েক মাসের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছাবে এবং এ ব্যাপারে তেমন কিছু করারও নেই।„ এ সময় জ্বালানির ঘাটতি এবং রেমিট্যান্স কমে যাওয়ার শঙ্কার কথাও বলেন তিনি। জাতিসংঘের উন্নয়ন প্রধান আলেকজান্ডার ডি ক্রু মনে করেন, ”এমনকি যুদ্ধ যদি আগামীকাল থেমেও যায়, এর যে প্রভাবগুলো ইতোমধ্যে দেখা যাচ্ছে, সেগুলো ৩০ মিলিয়নেরও বেশি মানুষকে আবার দারিদ্র্যের দিকে ঠেলে দেবে।„ চলতি মাসের শুরুর দিকে বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল এবং জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচির কাছ থেকেও এসেছিল সতর্কবার্তা। তারা বলেছিল, ইরান যুদ্ধের প্রভাবে খাদ্যপণ্যের দাম বাড়বে এবং এর ফলে বিশ্বের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী আরো সংকটে পড়বে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৪.২০২৬ রনি)

## জাগো নিউজ

### আমরা যুদ্ধের প্রস্তুতি নিই যুদ্ধ করতে নয়, যুদ্ধ এড়াতে : সেনাপ্রধান

সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেছেন, আমরা যুদ্ধের প্রস্তুতি নিই যুদ্ধ করার জন্য নয়, বরং যুদ্ধ এড়ানোর জন্য। শক্তিশালী প্রতিরক্ষা ব্যবস্থা ছাড়া কার্যকর পররাষ্ট্রনীতি বাস্তবায়ন সম্ভব নয়। প্রতিরক্ষা খাত নিয়ে বক্তব্যে তিনি বলেন, দেশের আমদানি-রপ্তানি সমুদ্রপথনির্ভর হওয়ায় নৌবাহিনীর সক্ষমতা আরও বাড়ানো জরুরি। একইসঙ্গে বিমানবাহিনীর আধুনিকায়নের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন তিনি। একইসঙ্গে তিনি বলেন, রোহিঙ্গা সংকট একটি জাতীয় সমস্যা এবং এটি সমাধানে সবাইকে সম্পৃক্ত হতে হবে। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) দুপুরে মিরপুর সেনানিবাসের ন্যাশনাল ডিফেন্স কলেজে (এনডিসি) অংশগ্রহণকারী ফেলোদের মাঝে সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেনাপ্রধান বলেন, জ্বালানি নিরাপত্তা এখন একটি বড়ো ইস্যু। স্বাধীনতার ৫৪-৫৫ বছরেও দ্বিতীয় রিফাইনারি গড়ে না ওঠায় পরিস্থিতি আরও জটিল হয়েছে। সেনাপ্রধান বলেন, বর্তমান বিশ্ব অত্যন্ত চ্যালেঞ্জিং। প্রতিনিয়ত নতুন নতুন সংকট তৈরি হচ্ছে। জ্বালানি নিরাপত্তা এখন একটি বড়ো ইস্যু। দেশে একমাত্র রিফাইনারি ইস্টার্ন রিফাইনারি থাকায় চাহিদার তুলনায় খুব কম পরিমাণ অয়েল পরিশোধন সম্ভব হয় এবং বাকি জ্বালানি উচ্চমূল্যে আমদানি করতে হয়। স্বাধীনতার পাঁচ দশক পার হলেও, দ্বিতীয় রিফাইনারি গড়ে না ওঠায় পরিস্থিতি আরও জটিল হয়েছে বলে মন্তব্য করেন তিনি। আন্তর্জাতিক পরিস্থিতির প্রসঙ্গ টেনে সেনাপ্রধান বলেন, ইরান-যুক্তরাষ্ট্র বা ইসরায়েল সংশ্লিষ্ট উত্তেজনা এবং হরমুজ প্রণালির মতো গুরুত্বপূর্ণ অঞ্চলের সংকট সরাসরি জ্বালানি সরবরাহে প্রভাব ফেলছে, যার প্রভাব পড়ে সাধারণ মানুষের জীবনে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

### প্রতি কিলোমিটারে বাসের ভাড়া বাড়লো ১১ পয়সা

জ্বালানি তেলের দাম বাড়ার পরিপ্রেক্ষিতে বাসের ভাড়া প্রতি কিলোমিটারে বেড়েছে **১১** পয়সা। ঢাকা ও চট্টগ্রাম মহানগরে বাস ও মিনিবাসের ভাড়া প্রতি কিলোমিটারে ২ টাকা ৪২ পয়সা থেকে বেড়ে হয়েছে ২ টাকা ৫৩ পয়সা। এক্ষেত্রে ভাড়া বেড়েছে ৪.৪৫ শতাংশ। অন্যদিকে, দূরপাল্লার পথে বাসভাড়া কিলোমিটারে ২ টাকা **১২** পয়সা থেকে বেড়ে হয়েছে ২ টাকা ২৩ পয়সা। এক্ষেত্রে ৫.১৯ শতাংশ বেড়েছে ভাড়া। আর ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষের (ডিটিসিএ) এলাকায় কিলোমিটারপ্রতি বাসভাড়া ২ টাকা ৩২ পয়সা আছে। সেটা **১১** পয়সা বেড়ে হয়েছে ২ টাকা ৪৩ পয়সা, যেটা ৪.৭৪ শতাংশ বেড়েছে। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সচিবালয়ে বাস ও মিনিবাসের ভাড়া বাড়ানোর ঘোষণা দেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। এর আগে, ২০ মিনিটের মতো পরিবহণ মালিকদের সঙ্গে বৈঠক করেন মন্ত্রী। বৃহস্পতিবারই নতুন ভাড়া নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি হবে। আজ থেকেই নতুন ভাড়া কার্যকর হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

### পাম্পে কমছে অপেক্ষা, `ফুয়েল পাস, ছাড়া তেল মিলছেও কম

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে অস্থির হয়ে পড়েছে বৈশ্বিক জ্বালানি সরবরাহ ব্যবস্থা। বাংলাদেশেও সাম্প্রতিক সময়ে জ্বালানি তেল নিয়ে অস্থিরতা চলছে। পাম্পগুলোতে সকাল থেকে মধ্যরাত পর্যন্ত যানবাহনের দীর্ঘ সারি দেখা যায়। অনেকে লম্বা সময় অপেক্ষা করেও তেল না পেয়ে ফিরে যান। অনেকে চাহিদামতো তেল পাননি। এ হাহাকার অবস্থার মধ্যেই

বিশ্ববাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে দেশে জ্বালানির দাম সমন্বয় করেছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। গ্রাহকরা যেন প্রয়োজনের অতিরিক্ত তেল না নিতে পারেন, সেজন্য বিভিন্ন পাম্পে চালু করা হয়েছে `ফুয়েল পাস,। জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি ও `ফুয়েল পাস, চালুর পর পাম্পগুলোর সামনে তেল সংগ্রহের দীর্ঘ লাইন কিছুটা কমেছে, কমেছে দীর্ঘ সময় অপেক্ষা শেষে তেল সংগ্রহের চিত্রও। তবে যাদের `ফুয়েল পাস, নেই, তারা তেল কম পাচ্ছেন বলে জানিয়েছেন। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সকালে রাজধানীর ট্রাস্ট ফুয়েল স্টেশন ও মেঘনা ফিলিং স্টেশন ঘুরে এবং তেল নিতে অপেক্ষারত যানবাহনের চালকদের সঙ্গে কথা বলে সবশেষ চিত্র জানা যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## বিচারপতি আব্দুল মান্নানের বিচারিক ক্ষমতা কেড়ে নিলেন প্রধান বিচারপতি

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মো. আব্দুল মান্নানকে বিচারিক ক্ষমতা থেকে সরিয়ে দিয়েছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সুপ্রিম কোর্ট সূত্র বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র জানায়, দীর্ঘ অবকাশকালীন ছুটি শেষে গত ১৯ এপ্রিল থেকে সুপ্রিম কোর্টের নিয়মিত বিচারিক কার্যক্রম শুরু হয়। সেদিন থেকে ৬৩টি হাইকোর্ট বেঞ্চ পুনর্গঠন করেছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী, কিন্তু সেখানে বিচারপতি আব্দুল মান্নানকে অন্তর্ভুক্ত করেননি তিনি। গত ৩ এপ্রিল কুমিল্লা কেন্দ্রীয় মেডিকেল কলেজ মিলনায়তনে অ্যাপেক্স বাংলাদেশের পরিচালনা পর্ষদ নির্বাচন চলাকালে ধারণ করা একটি ভিডিওতে দেখা যায়, জনসাধারণের সঙ্গে বচসার (কলহ) পর বিচারপতি আব্দুল মান্নান পুলিশি পাহারায় অনুষ্ঠানস্থল ত্যাগ করছেন। এ বিষয়ে আইন বিশেষজ্ঞরা বলেন, নৈতিক দৃষ্টিকোণ থেকে ঘটনাটি বিচারিক শিষ্টাচার এবং বিচার বিভাগ সম্পর্কে জনগণের ধারণা নিয়ে উদ্বেগ সৃষ্টি করেছে। বিচারকদের এমন পরিস্থিতি এড়িয়ে চলতে হবে, যা বিচারিক পদের মর্যাদা, নিরপেক্ষতা ও স্বাধীনতাকে ক্ষুণ্ণ করতে পারে। বিচারপতি আব্দুল মান্নান ১৯৯৪ সালের ২৫ এপ্রিল ১৩তম বাংলাদেশ সিভিল সার্ভিসের মাধ্যমে সহকারী বিচারক হিসেবে বিচার বিভাগে যোগদান করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## লাগাতার অবস্থান কর্মসূচির ডাক প্রাথমিকের সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হয়েও, যোগদানের সুযোগ না পাওয়া প্রায় সাড়ে ১৪ হাজার প্রার্থী এবার রাজপথে নামার ঘোষণা দিয়েছেন। ঘোষিত কর্মসূচি অনুযায়ী, আগামী ২৬ এপ্রিল বেলা ১১টা থেকে রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি করবেন তারা। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে সুপারিশপ্রাপ্ত প্রার্থীরা এ ঘোষণা দেন। সুপারিশপ্রাপ্ত প্রার্থীরা জানান, দীর্ঘ প্রতীক্ষার পর মেধা ও যোগ্যতার ভিত্তিতে তারা চূড়ান্তভাবে নির্বাচিত হলেও, ফলাফল প্রকাশের দীর্ঘ সময় পার হয়ে গেছে। অথচ কর্তৃপক্ষ এখনো নিয়োগ বা পদায়নের বিষয়ে কোনো কার্যকর পদক্ষেপ নেয়নি। উল্টো কর্তৃপক্ষের `প্রহসনমূলক, প্রতিক্রিয়ায় তারা মানসিকভাবে চরম উদ্বিগ্ন হয়ে পড়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## সুপ্রিম কোর্টে সপ্তাহে ২ দিন ভার্চুয়াল বিচার, আইনজীবীদের অসন্তোষ

সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট উভয় বিভাগে বুধবার (২২ এপ্রিল) থেকে সপ্তাহে দুইদিন ভার্চুয়াল পদ্ধতিতে বিচারকাজ পরিচালনা শুরু হয়েছে। বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে এমন সিদ্ধান্ত গ্রহণ করেছে সুপ্রিম কোর্ট। কিন্তু এই সিদ্ধান্ত বাতিলের দাবি জানিয়ে দুইদিন ধরে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও মানববন্ধন করে আসছেন সুপ্রিম কোর্টের সাধারণ আইনজীবীরা। এখন আরও কঠোর আন্দোলনের হুমকি দিয়েছেন আইনজীবীরা। সেই সঙ্গে আজ বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সুপ্রিম কোর্ট অঙ্গণে বিক্ষোভ মিছিলে ও সমাবেশের ডাক দিয়েছেন আইনজীবীরা। এই উপলক্ষ্যে তারা সামাজিক যোগাযোগমাধ্যমে নানা ধরনের তৎপরতা দেখানোর চেষ্টা করছেন। বিপুলসংখ্যক আইনজীবী সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি ভবন প্রাঙ্গণের সামনের চত্বরে মঙ্গলবার (২১ এপ্রিল) মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন। এরপর বুধবারও নানা কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন আইনজীবীরা। এরই ধারাবাহিক আজ বৃহস্পতিবার বিক্ষোভ সমাবেশ ও মিছিল করার কথা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## মনিরা শারমিনের প্রার্থিতা বাতিলই হলো, আপিলের সুযোগ আছে

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে জামায়াত জোট মনোনীত প্রার্থী এনসিপির যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিনের মনোনয়নপত্র বাতিল করা হয়েছে। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের মনোনয়নপত্র বাছাইয়ের পর এ সিদ্ধান্ত দেন রিটার্নিং অফিসার ইসির যুগ্মসচিব মঈন উদ্দীন খান। তিনি বলেন, সরকারি চাকরি ছাড়ার তিন বছর পার না হওয়ায় মনিরা শারমিনের মনোনয়নপত্র বাতিল করা হলো। তবে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে নির্বাচন কমিশনে আপিলের সুযোগ রয়েছে বলে জানান সহকারী রিটার্নিং অফিসার ইসির উপ-সচিব মনির হোসেন। তিনি বলেন, আসনটি শূন্য হওয়ার পরে সব দল/জোটের জন্য উন্মুক্ত হবে।

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের ভোটে জামায়াত জোটের ১৩ জন মনোনয়নপত্র জমা দেন। বুধবার (২২ এপ্রিল) বাছাইয়ে ১২ জনের মনোনয়নপত্র বৈধ হয়। একজনের বিষয়ে বৃহস্পতিবার দুপুরে সিদ্ধান্ত আসে। বুধবার বাছাইয়ে আরপিও,র বিধান তুলে ধরে রিটার্নিং অফিসার বলেন, বৃহস্পতিবার দুপুর ১২টার মধ্যে ডকুমেন্ট দেওয়ার জন্য সময় দেওয়া হলো। মনিরা শারমিন যে কাগজপত্র দিয়েছেন, তাতে সরকারি পে স্কেলের কথা উল্লেখ রয়েছে। এজন্য তাকে আত্মপক্ষ সমর্থনের জন্য বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## নতুন বাসভাড়া না মানলে কঠোর ব্যবস্থা : মন্ত্রী

জ্বালানি তেলের দাম বৃদ্ধির পরিপ্রেক্ষিতে নতুন নির্ধারিত বাসভাড়া না মানলে শক্ত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সচিবালয়ে বাস ও মিনিবাসের নতুন ভাড়ার ঘোষণা দেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী। নির্ধারিত ভাড়া মানা হচ্ছে কি না, তা সরকার তদারকি করবে কি না জানতে চাইলে মন্ত্রী বলেন, "এই সিদ্ধান্তের ব্যত্যয় যদি বাস মালিকরা করতে চেষ্টা করে, ডেফিনেটলি বাস মালিকদের বিরুদ্ধে শক্ত অবস্থান এবং শক্ত ব্যবস্থা নেওয়া হবে। বিআরটিএ নির্ধারণ করা এবং আমরা আলোচনা করে যে সিদ্ধান্তে উপনীত হয়েছি। বাস মালিকরা অঙ্গীকার করেছে, তারা এই সিদ্ধান্ত যে-কোনো মূল্যে মানবে এবং অনুসরণ করবে। যেহেতু তারা অঙ্গীকার করেছে, এর ব্যত্যয় না হওয়া পর্যন্ত আমাকে এ বিষয়ে প্রশ্ন না করার রিকুয়েস্ট করবো।„(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## ভাটারায় দেশীয় অস্ত্রসহ গ্রেফতার ১৬

বিভিন্ন অপরাধে জড়িত থাকার অপরাধে রাজধানীর ভাটারা এলাকায় অভিযান চালিয়ে ১৬ জনকে দেশীয় অস্ত্রসহ গ্রেফতার করেছে ভাটারা থানা পুলিশ ও কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি)। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সিটিটিসি ও ভাটারা থানার বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, গতকাল বুধবার (২২ এপ্রিল) সন্ধ্যার দিকে ভাটারা থানাধীন বালুর মাঠ সংলগ্ন এলাকায় অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ১৬ জনকে দেশীয় অস্ত্রসহ গ্রেফতার করা হয়েছে। এ ঘটনায় গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## গুণী মানুষের স্বীকৃতি দেরিতে হলেও আসে, আড়াল করে রাখা যায় না : রিজভী

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশের প্রকৃত গুণী মানুষদের স্বীকৃতি অনেক সময় দেরিতে আসে, কিন্তু তাদের প্রতিভাকে কখনোই আড়াল করে রাখা যায় না। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) রাজধানীর শিল্পকলা অ্যাকাডেমিতে জাতীয়তাবাদী চারু ও কারুশিল্প দলের উদ্যোগে এক সংবর্ধনা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, অধ্যাপক ড. আব্দুস সাত্তার দেশের একজন খ্যাতিমান চারুশিল্পী ও শিক্ষক হলেও, গণমাধ্যমে তাকে সেইভাবে তুলে ধরা হয়নি। পত্রপত্রিকায় কিছু নির্দিষ্ট নামই বেশি আসে, ফলে অনেক গুণী মানুষ আড়ালেই থেকে যান। তবে যারা চিত্রশিল্প সম্পর্কে খোঁজ-খবর রাখেন, তারা ঠিকই তাকে চেনেন। তিনি বলেন, "কেউ বড়ো শিল্পী আর কেউ ছোটো- এই বিতর্কে না গিয়েও বলা যায়, অধ্যাপক আব্দুস সাত্তার কোনো অংশে কম নন। কিন্তু আমাদের দেশে মিডিয়ার এক ধরনের পক্ষপাত আছে, যেখানে কিছু মানুষকে সামনে আনা হয়, আবার কিছু মানুষ স্বাভাবিকভাবেই আড়ালে পড়ে যান। তবে প্রতিভা প্রচারের মাধ্যমে সীমাবদ্ধ থাকে না, তা একসময় নিজেই উদ্ভাসিত হয়।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## এসএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন বিরোধীদলীয় নেতা

এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সকালে তিনি মিরপুর-১০ আদর্শ উচ্চ বিদ্যালয়, কাজীপাড়া সিদ্দিকিয়া ফাজিল মাদ্রাসা ও শহিদ পুলিশ স্মৃতি কলেজের কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। পরিদর্শনের সময় বিরোধীদলীয় নেতা পরীক্ষার্থীদের সুবিধা-অসুবিধার খোঁজ নেন এবং তাদের সুস্থতা ও ভালোভাবে পরীক্ষা দিয়ে সফলতার জন্য দোয়া করেন। এ সময় তিনি কেন্দ্র সচিবকে পরীক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার বিষয়ে পরামর্শ দেন এবং পরীক্ষাকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। পরীক্ষাকেন্দ্র পরিদর্শনের সময় বিরোধীদলীয় নেতার সঙ্গে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী উত্তর জামায়াতের আমির জনাব মোহাম্মদ সেলিম উদ্দিনসহ স্থানীয় নেতারা। এছাড়া, জামায়াতে ইসলামী কর্তৃক কেন্দ্রের বাইরে অভিভাবকদের বসার জন্য যে ছাউনি এবং প্রচণ্ড গরমে তৃষ্ণার্তদের জন্য সুপেয় পানির ব্যবস্থা করা হয়েছে, সেটিও তিনি পরিদর্শন করেন এবং অভিভাবকদের সঙ্গে সার্বিক বিষয়ে কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## মাঝে মাঝে বিদ্যুৎ যায়, নাকি আসে? প্রশ্ন আসিফ মাহমুদের

সারা দেশে গরমের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে লোডশেডিং। শহরের তুলনায় গ্রাম ভয়াবহ বিদ্যুৎ বিভ্রাটে ভুগছে। এতে ভোগান্তিতে পড়েছে জনসাধারণ। এমন পরিস্থিতিতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া প্রশ্ন করেছেন, "মাঝে মাঝে বিদ্যুৎ যায়, নাকি মাঝে মাঝে বিদ্যুৎ আসে?„ বুধবার (২২ এপ্রিল) দিবাগত মধ্যরাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের আইডিতে দেওয়া এক পোস্টে এমন প্রশ্ন করেন তিনি। জানা গেছে, ভারতে আদানির বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট কারিগরি কারণে বন্ধ হয়ে গেছে। এতে ভারত থেকে আসা বিদ্যুৎ অর্ধেকে নেমে এসেছে। ফলে লোডশেডিং আরও বেড়েছে। বুধবার রাতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য (উৎপাদন) মো. জহুরুল ইসলাম বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। তিনি জানান, ভারতের আদানির বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট মঙ্গলবার রাত ১টার পর বন্ধ হয়ে গেছে। এ কারণে বাংলাদেশ যে পরিমাণ বিদ্যুৎ পেত, তার অর্ধেক পাচ্ছে। পাওয়ার গ্রিড বাংলাদেশের তথ্য বলছে, মঙ্গলবার সন্ধ্যা পিকে (রাত ৯টা) আদানি থেকে বিদ্যুৎ এসেছে এক হাজার ৪৪৯ মেগাওয়াট। বুধবার ডে পিকে (দুপুর ১২টা) বিদ্যুৎ এসেছে ৭৫১ মেগাওয়াট।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## রেমিট্যান্সে রেকর্ড, নতুন নতুন জেলায় বাড়ছে প্রবাসী আয়

দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে প্রবাসী আয়। মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাবে দেশের অর্থনীতিতে যখন অশনিসংকেত, তখনও নতুন করে আশার আলো হয়ে উঠছে প্রবাসীদের কষ্টার্জিত এই অর্থ। সাম্প্রতিক সময়ে ধারাবাহিকভাবে বাড়তে থাকা এই বৈদেশিক মুদ্রার উচ্চ প্রবাহে যোগ হচ্ছে নতুন নতুন জেলা। এক মাসে সর্বোচ্চ রেমিট্যান্স আহরণের নতুন মাইলফলক স্পর্শ এবং টানা কয়েক মাস তিন বিলিয়ন ডলারের বেশি প্রবাহ বজায় থাকা প্রমাণ করে, প্রবাসীরা আগের যে-কোনো সময়ের চেয়ে বেশি আস্থা নিয়ে বৈধপথে অর্থ পাঠাচ্ছেন। আশার কথা, আগে দেশের নির্দিষ্ট কিছু অঞ্চলে সীমাবদ্ধ থাকলেও, এখন নতুন নতুন জেলা রেমিট্যান্স প্রবাহে যুক্ত হচ্ছে, যা সামগ্রিক অর্থনৈতিক অন্তর্ভুক্তি বাড়াচ্ছে। বিভিন্ন জেলায় রেমিট্যান্স বৃদ্ধির বিস্তার একটি ইতিবাচক পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে। আগে যেখানে একক মাসে সর্বোচ্চ ৩২৯ কোটি ডলারের রেমিট্যান্স এসেছিল, সেখানে চলতি বছরের মার্চ মাসে সেই রেকর্ড ভেঙে ৩৭৫ কোটি ডলারের নতুন মাইলফলক স্পর্শ করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## শুধু গ্রাম নয় ঢাকাতেও হবে লোডশেডিং : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, পর্যাপ্ত জ্বালানি সরবরাহের অভাবে কিছু কিছু জায়গায় লোডশেডিং হচ্ছে। বিষয়টি সহনীয় মাত্রায় আনার জন্য প্রধানমন্ত্রীর পরামর্শে এবং বিরোধীদলীয় নেতার সঙ্গে আলোচনা করে রাজধানীতেও পরীক্ষামূলকভাবে লোডশেডিং করার সিদ্ধান্ত নিয়েছি। শহরের মানুষ আরামে থাকবে আর গ্রামের মানুষ কষ্টে থাকবে, এটা কোনোভাবেই কাম্য নয়। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে জ্বালানি সংকট নিরসনে গৃহীত পদক্ষেপের বিষয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত ৩০০ বিধিতে বিবৃতি দিয়ে এ তথ্য জানান। দেশের কৃষি খাতে সেচ কার্যক্রম নির্বিঘ্ন রাখতে এবং গ্রাম-শহরের বিদ্যুৎ বৈষম্য কমাতে রাজধানীতেও পরীক্ষামূলকভাবে লোডশেডিং করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান অনিন্দ্য ইসলাম অমিত। প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার তাদের শপথের মর্যাদা এবং পবিত্র সংসদের স্বচ্ছতা বজায় রাখতে বদ্ধপরিকর। বর্তমানের এই বিদ্যুৎ সমস্যা একদিনের নয়, বরং এটি বিগত ফ্যাসিস্ট সরকারের পুঞ্জীভূত অব্যবস্থাপনার ফল। বর্তমানে কাগজে-কলমে উৎপাদন ক্ষমতা অনেক বেশি থাকলেও, বাস্তবতার সঙ্গে সেটির গরমিল রয়েছে। প্রতিমন্ত্রী জানান, বর্তমানে ফসল কাটার মৌসুম চলায়, কৃষকদের সেচ কাজের সুবিধার্থে প্রধানমন্ত্রী নিরবচ্ছিন্ন ডিজেল ও বিদ্যুৎ সরবরাহের নির্দেশনা দিয়েছেন। সেই নির্দেশনা বাস্তবায়ন এবং জুলাই অভ্যুত্থানের বৈষম্যহীন বাংলাদেশের চেতনা সমুন্নত রাখতে রাজধানীতে প্রাথমিকভাবে পরীক্ষামূলকভাবে ১১০ মেগাওয়াট লোডশেডিং করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অনিন্দ্য ইসলাম অমিত জানান, দেশে প্রতিদিন ৩ হাজার ৮০০ মিলিয়ন ঘনফুট গ্যাসের চাহিদার বিপরীতে নিজস্ব উৎপাদন ও আমদানি মিলিয়ে সরবরাহ করা যাচ্ছে ২ হাজার ৬৩৬ মিলিয়ন ঘনফুট। ফলে প্রতিদিন ১ হাজার ১৬৪ মিলিয়ন ঘনফুট গ্যাসের ঘাটতি থাকছে। পর্যাপ্ত অর্থ থাকলেও, প্রয়োজনীয় অবকাঠামো বা ইনফ্রাস্ট্রাকচার না থাকায় দ্রুত গ্যাস আমদানি বাড়ানো সম্ভব হচ্ছে না। তবে, সরকারের ১৮০ দিনের অগ্রাধিকার তালিকায় এই অবকাঠামো উন্নয়নের কাজ দৃশ্যমান হবে বলে তিনি আশ্বস্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকটের সমাধান খুঁজতে সরকার ও বিরোধীদল নিয়ে হচ্ছে কমিটি

দেশের চলমান জ্বালানি সংকট সমাধানে সুপারিশ করতে সরকার ও বিরোধীদলের সদস্যদের সমন্বয়ে ১০ সদস্যের কমিটি গঠনের সিদ্ধান্তের কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এরই মধ্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদকে সভাপতি করে সরকারি দলের পাঁচ সদস্যের নামের কথা জানান। পাশাপাশি, বিরোধীদলকে

পাঁচ সদস্যের নাম দিতে অনুরোধ করেন প্রধানমন্ত্রী। এসময় বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান জানান, দ্রুত তারা নাম দেবেন। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) জাতীয় সংসদে অনির্ধারিত আলোচনায় কমিটি গঠনের কথা জানান প্রধানমন্ত্রী। গত বুধবার জ্বালানি সংকট নিয়ে বিরোধীদলীয় নেতার প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সরকারি দল এমন সিদ্ধান্ত নিয়েছে বলেও জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, আমরা সবাই আলোচনা করে একমত হয়েছিলাম বা একটি বিষয়ে আমরা উপনীত হয়েছিলাম, এটি একটি বৈশ্বিক সমস্যা, সারা বিশ্বেই এই সমস্যার তাপ ছড়িয়ে পড়েছে। বিরোধীদলীয় নেতা তার বক্তব্যে বাংলাদেশের যে উদ্বেগ সেটি জানিয়েছেন এবং প্রস্তাব দিয়েছেন, ওনাদের কাছে কিছু পরামর্শ আছে, সরকারি দল এবং বিরোধীদল একসঙ্গে সেই বিষয়গুলো নিয়ে কাজ করতে পারি। তিনি বলেন, বিএনপি সবসময় দেশের স্বার্থে, দেশের মানুষের স্বার্থে যে-কোনো আলোচনা, যে কারও সঙ্গে করতে প্রস্তুত। সে প্রেক্ষাপটে আমরা সিদ্ধান্ত নিয়েছি, আমাদের পক্ষ থেকে পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করেছি। আমি বিরোধীদলীয় নেতা এবং বিরোধীদলকে অনুরোধ করবো, উনারাও যদি পাঁচজনের নাম দেন, তাহলে এই ১০ জন ব্যক্তি বসে বিষয়গুলোর ওপর আলোচনা করতে পারে। কোনো পরামর্শ থাকলে এই কমিটির মাধ্যমে সেটি সরকারের কাছেও আসলো এবং সেটার মধ্যে কোনো বাস্তবতা থাকলে অবশ্যই সেটি কার্যকর করার উদ্যোগ নেবো। কমিটির সভাপতি হিসেবে থাকবেন জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। অন্য চার সদস্য হলেন- জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, এ বি এম আশরাফ উদ্দিন নিজান, মঈনুল ইসলাম খান এবং মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## হাম ও হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। এর মধ্যে হামে একজন এবং হামের উপসর্গ নিয়ে চারজনের মৃত্যু হয়। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হামে আক্রান্ত হয়ে মোট ৩৯ জনের মৃত্যু হয়। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১৯৪ জনে। এ সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছেন ৪ হাজার ৫৯ জন। পাশাপাশি, সন্দেহভাজন আক্রান্তের সংখ্যা ২৮ হাজার ৩৩৪ জন। এছাড়া, হাম সন্দেহে এখন পর্যন্ত হাসপাতালে ভর্তি ১৮ হাজার ৮৪৫ জন। তাদের মধ্যে চিকিৎসা শেষে ১৫ হাজার ৭২৮ জন হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## উপসাগরীয় সংকটে শান্তিপূর্ণ সমাধানের আহ্বান জানালো বাংলাদেশ ও ওমান

উপসাগরীয় অঞ্চলের চলমান সংঘাত নিরসনে সংলাপ ও কূটনীতির মাধ্যমে টেকসই সমাধানের আহ্বান জানিয়েছে বাংলাদেশ ও ওমান। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) মাস্কাটে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও ওমানের পররাষ্ট্রমন্ত্রী সাইয়্যিদ বদর বিন হামাদ আল বুসাইদির মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এ আহ্বান জানানো হয়। বৈঠকে উভয়পক্ষ সংশ্লিষ্ট সব পক্ষকে শান্তিপূর্ণ সমাধানের লক্ষ্যে আলোচনায় সম্পৃক্ত থাকার ওপর গুরুত্বারোপ করে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ সময় প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষ থেকে ওমানের সুলতান হাইথাম বিন তারিকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি উপসাগরীয় সংকটের দ্রুত ও শান্তিপূর্ণ সমাধানে সুলতানের গুরুত্বপূর্ণ ভূমিকার প্রশংসা করেন। বৈঠকে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরও উপস্থিত ছিলেন। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ওমানে বসবাসরত ৭ লাখের বেশি বাংলাদেশিকে আশ্রয় দেওয়ার জন্য দেশটির সরকারের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানান। জবাবে ওমানের পররাষ্ট্রমন্ত্রী দেশটির উন্নয়ন ও দৈনন্দিন জীবনে প্রবাসী বাংলাদেশিদের অবদানের প্রশংসা করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## রোহিঙ্গাদের ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটি গঠন

বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি তদারকির জন্য জাতীয় কমিটি গঠন করেছে সরকার। সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ১৬ সদস্যের এ কমিটির আহ্বায়ক স্বরাষ্ট্রমন্ত্রী। কমিটিতে পররাষ্ট্রমন্ত্রী সদস্য হিসেবে রয়েছেন। এছাড়া মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়েছেন। কমিটিতে সদস্য হিসেবে আরও আছেন মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার, পররাষ্ট্র ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সচিব। আইন-শৃঙ্খলা বাহিনী ও গোয়েন্দা সংস্থার শীর্ষ কর্মকর্তাদেরও কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। তাদের মধ্যে রয়েছেন পুলিশ মহাপরিদর্শক, এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই) ও সামরিক গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)-এর মহাপরিচালক। পাশাপাশি চট্টগ্রামের বিভাগীয় কমিশনার এবং কক্সবাজারের শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারকেও সদস্য করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## অপরাধ দমনে রাজধানীতে বসবে ১১ হাজার সিসি ক্যামেরা, মোহাম্মদপুরেই ৭০০

অপরাধ দমনে রাজধানী জুড়ে ১১ হাজার সিসি ক্যামেরা স্থাপন করা হবে বলে জানিয়েছেন, ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ার। একইসঙ্গে, মোহাম্মদপুর এলাকায় কিশোর গ্যাং, সন্ত্রাস, ছিনতাই ঠেকাতে ৭০০ সিসি ক্যামেরা স্থাপন করা হবে বলেও জানান তিনি। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) মোহাম্মদপুরের বছিলায় অস্থায়ী পুলিশ ক্যাম্পের উদ্‌বোধন ও মোহাম্মদপুর থানার `ওপেন হাউজ ডে, অনুষ্ঠানে উপস্থিত হয়ে তিনি এসব তথ্য জানান। মো. সরওয়ার বলেন, বছিলা এলাকায় সরকারিভাবে ৭০০ সিসি ক্যামেরা স্থাপনের কাজ অচিরেই শুরু হবে। গুলশান বনানী এলাকায় আগে থেকেই ১৩০০ সিসি ক্যামেরা লাগানো আছে, যার কারণে ওই এলাকায় অপরাধ কম। বছিলাবাসীর উদ্দেশ্যে ডিএমপি কমিশনার বলেন, বাসা বাড়ির আশেপাশে আপনারাও সিসি ক্যামেরা লাগান। আমরা বিভিন্ন পয়েন্টে পয়েন্টে বা যেখানে যেখানে প্রয়োজন, সেখানে ৭০০ ক্যামেরা স্থাপন করবো। এর বাইরেও ঢাকা জুড়ে ১১ হাজার সিসি ক্যামেরা লাগানোর একটি প্রকল্প বর্তমান সরকার অচিরেই পাস করে দেবে। এই সিসি ক্যামেরাগুলো স্থাপন করলে ঢাকা মহানগর আরও নিরাপদ হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## এনসিপিতে যাচ্ছেন সাবেক যুবদল নেতা ইসহাক, বললেন `জেনে বুঝেই সিদ্ধান্ত,

জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগ দিচ্ছেন জাতীয়তাবাদী যুবদলের সাবেক কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ইসহাক সরকার। শুক্রবার (২৪ এপ্রিল) বিকেলে রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে আনুষ্ঠানিকভাবে দলে যোগ দেবেন তিনি। বৃহস্পতিবার রাতে ইসহাক সরকার নিজেই জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, ”আমি আগামীকাল (শুক্রবার) এনসিপিতে যোগ দিচ্ছি। জেনে-বুঝেই এই সিদ্ধান্ত নিয়েছি।„ তবে এনসিপিতে যোগদানের সিদ্ধান্ত নিলেও, বিএনপি থেকে কোনো যোগাযোগ করেনি বলে জানান তিনি। এদিকে, এনসিপির সূত্র জানিয়েছে, ইসহাক সরকারকে ঢাকা মহানগর দক্ষিণের আহ্বায়কের দায়িত্ব দেওয়া হবে। বর্তমানে এই পদে থাকা দলের যুগ্ম সদস্য সচিব আলাউদ্দীন মোহাম্মদ সরে দাঁড়াবেন। জানা গেছে, তিনি ত্রয়োদশ জাতীয় নির্বাচনে বিএনপি থেকে মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র প্রার্থী হয়ে ফুটবল মার্কায় ঢাকা-৭ আসনে প্রতিদ্বন্দ্বিতা করেন। তৃতীয় সর্বোচ্চ ভোটও পান ইসহাক সরকার। বিগত শেখ হাসিনার শাসনামলে ইসহাক সরকার শতাধিক রাজনৈতিক মামলার আসামি ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## সংসদে বঙ্গবন্ধুকে শ্রদ্ধা জানালেন জামায়াত এমপি

স্বাধীনতার অন্যতম নায়ক হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি জাতীয় সংসদে শ্রদ্ধা জানিয়েছেন গাইবান্ধা-৫ আসনের সংসদ সদস্য জামায়াতে ইসলামীর নেতা মো. আব্দুল ওয়ারেছ। একইসঙ্গে, তিনি প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান, জামায়াতের সাবেক আমির গোলাম আযম, মতিউর রহমান নিজামীসহ দলটির প্রয়াত নেতাদের স্মরণ করেন। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলেন তিনি। আব্দুল ওয়ারেছ বলেন, আমি একজন বীর মুক্তিযোদ্ধা। আমি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি, স্বাধীনতার একমাত্র ঘোষক বীর মুক্তিযোদ্ধা ও রাষ্ট্রপতি শহিদ জিয়াউর রহমান, স্বাধীনতার অন্যতম নায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। আরেকজন নেতা, যিনি স্বাধীনতার অগ্রদূত, যিনি ১৯৭০ সালের জাতীয় নির্বাচন বয়কট করে ঘোষণা দিয়েছিলেন `ব্যালট বক্সে লাথি মারো, পূর্ব পাকিস্তান স্বাধীন করো,, সেই মজলুম জননেতা আবদুল হামিদ খান ভাসানীর প্রতি শ্রদ্ধা জানাচ্ছি। এছাড়া, মুক্তিযুদ্ধের শহিদদের প্রতি শ্রদ্ধা জানান তিনি। জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের প্রতিও শ্রদ্ধা জানান বিরোধী দলের এ সংসদ সদস্য। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## ওবায়দুল কাদেরের বিরুদ্ধে ওসমান হাদির জবানবন্দি সাক্ষ্য হিসেবে গ্রহণ

জুলাই গণ-অভ্যুত্থানে সংঘটিত হত্যার ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ সাতজনের বিরুদ্ধে দেওয়া শহিদ ওসমান হাদির জবানবন্দি রাষ্ট্রপক্ষের সাক্ষ্য হিসেবে গ্রহণ করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ আদেশ দেন। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন মামলার দায়িত্বরত প্রসিকিউটর ফারুক আহাম্মদ। তিনি বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইসিটি অ্যাক্ট-১৯৭৩ এর ১৯(২) ধারায় ব্যবস্থা গ্রহণের আবেদন গ্রহণ করেছেন আদালত। প্রসিকিউটর ফারুক আহাম্মদ জানান, এই মামলার তদন্ত কর্মকর্তা আহমেদ নাসের উদ্দিন মোহাম্মদের কাছে ওসমান হাদি জবানবন্দি দিয়েছিলেন, তিনি এরই মধ্যে মৃত্যুবরণ করেছেন। আইনের বিধান অনুসারে, তার সেই জবানবন্দিকে সাক্ষ্য হিসেবে গ্রহণের জন্য তদন্ত কর্মকর্তা উপস্থাপন করলে আদালত তা গ্রহণ করেছেন। এ মামলার পরবর্তী শুনানির জন্য আগামী ২৬ এপ্রিল দিন ঠিক করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## লিবিয়ার ডিটেনশন সেন্টারে বন্দি ১৭৪ বাংলাদেশি নাগরিক দেশে ফিরেছেন

লিবিয়ার বিভিন্ন ডিটেনশন সেন্টারে বন্দি ১৭৪ জন স্বেচ্ছায় দেশে ফিরতে ইচ্ছুক বাংলাদেশি নাগরিক দেশে ফিরেছেন। লিবিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যৌথ

প্রচেষ্টায় বৃহস্পতিবার তারা দেশে ফেরেন। লিবিয়া সরকার ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থার সহযোগিতায় একটি বিশেষ ফ্লাইটে তাদের নিরাপদে বাংলাদেশে ফিরিয়ে আনা হয়। প্রত্যাবাসীত বাংলাদেশিদের বেশিরভাগই সমুদ্র পথে অবৈধভাবে ইউরোপ গমনের উদ্দেশ্যে মানবপাচারকারীদের প্ররোচনায় লিবিয়ায় অনুপ্রবেশ করেছিলেন। তাদের অনেকে সেখানে বিভিন্ন সময়ে অপহরণ ও নির্যাতনের শিকার হয়েছিলেন মর্মে জানা গেছে। বৃহস্পতিবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইওএম-এর কর্মকর্তারা তাদের অভ্যর্থনা জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## দেশে ফিরলেন সৌদিতে আটকে পড়া ৩৩ ওমরাহ যাত্রী

সৌদি আরব থেকে দেশে ফিরেছেন ভিসার মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়া ৩৩ জন ওমরাহ যাত্রী। তারা মাস্ক হজ গ্রুপ ট্রাভেল এজেন্সির মাধ্যমে ওমরাহ পালনের জন্য সৌদি আরবে গিয়েছিলেন। ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদের উদ্যোগে বৃহস্পতিবার (২৩ এপ্রিল) তারা দেশে ফেরেন বলে ধর্ম মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। সৌদি আরবে বাংলাদেশ হজ অফিসের কাউন্সিলরের পাঠানো তথ্য অনুযায়ী, গত ২৪ মার্চ তারা ওমরাহ পালনের উদ্দেশ্যে সৌদি আরবে যান। সংশ্লিষ্ট এজেন্সি তাদের ৫ এপ্রিল দেশে ফেরার কথা বললেও, নির্ধারিত সময়ে কোনো রিটার্ন টিকিট দেওয়া হয়নি। ফলে তাদের দেশে ফেরা অনিশ্চয়তার মধ্যে পড়ে এবং গত ১৮ এপ্রিল তাদের ভিসার মেয়াদও শেষ হয়ে যায়। আটকে পড়া এসব ওমরাহ যাত্রীদের দেশে ফিরিয়ে আনার বিষয়ে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ে পত্র দেন জেদ্দার বাংলাদেশ হজ অফিসের কাউন্সিলর। এ বিষয়টি জেনে আটকে পড়া ওমরাহ যাত্রীদের দেশে ফেরত পাঠানোর বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য জেদ্দার বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেলকে অনুরোধ জানান ধর্মমন্ত্রী। মন্ত্রীর নির্দেশে কনসাল জেনারেল মো. সাখাওয়াত হোসেনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল ভুক্তভোগী ওমরাহ যাত্রীদের হোটেলে গিয়ে দেখা করেন এবং এজেন্সির সঙ্গে যোগাযোগ করে তাদের দেশে ফেরার ব্যবস্থা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## সংসদেও এক ঘণ্টা লোডশেডিং চান বিরোধীদলীয় নেতা

জাতীয় সংসদেও দিনে এক ঘণ্টা লোডশেডিং চান বিরোধীদলীয় নেতা বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) জাতীয় সংসদে অনির্ধারিত আলোচনায় প্রস্তাব আমলে নেওয়ায়, প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে শফিকুর রহমান এই প্রস্তাব দিয়েছেন। ঢাকায় লোডশেডিং হবে- বিদ্যুৎ প্রতিমন্ত্রীর এই বিবৃতির বিষয়টি উল্লেখ করে বিরোধীদলীয় নেতা বলেন, আমি বলবো মেহেরবানি করে লোডশেডিং যেন সংসদ থেকে শুরু হয়। লোডশেডিংয়ের আওতায় সংসদও যেন থাকে। যদি ঢাকার অন্য অংশে এক ঘণ্টা থাকে (লোডশেডিং), এখানেও (সংসদে) যেন এক ঘণ্টা বিদ্যুৎ না থাকে। এখান থেকে শুরু হোক, তাহলে জনগণ বুঝবে বাংলাদেশকে আমরা সার্বজনীন হিসেবে গড়ে তুলতে চাচ্ছি। এ সময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বিরোধীদলের নেতার উদ্দেশ্যে বলেন, সংসদ তো চালু রাখতে হবে। সংসদ বন্ধ করা যাবে না। পরে বিরোধীদলীয় নেতা বলেন, আমি সংসদ ভবন বলেছি। সংসদের অধিবেশন বলি নাই। অধিবেশনের বাইরেও অনেক কর্মঘণ্টা আছে। আমি সেই কথাটাই বলেছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

## ছাগল কাণ্ডে আলোচিত সাদিক অ্যাগ্রোর চেয়ারম্যানের জামিন

মানি লন্ডারিংয়ের অভিযোগে করা মামলায় ছাগল কাণ্ডে আলোচিত সাদিক অ্যাগ্রোর চেয়ারম্যান ইমরান হোসেনকে জামিন দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) জামিন বিষয়ে রুল যথাযথ ঘোষণা করে হাইকোর্টের বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রায় দেন। আদালতে এদিন আসামির পক্ষে শুনানি করেন ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন ও ব্যারিস্টার মো. মাহফুজুর রহমান মিলন। এর আগে, ২০২৫ সালের ৩ মার্চ ছাগল কাণ্ডে আলোচিত সাদিক অ্যাগ্রোর চেয়ারম্যান ইমরান হোসেনকে গ্রেফতার করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। রাজধানী থেকে তাকে গ্রেফতার করা হয়। সিআইডি থেকে বলা হয়, ১৩৩ কোটি টাকা মানি লন্ডারিংয়ের অভিযোগে করা মামলায় সাদিক অ্যাগ্রোর মালিক ইমরান হোসেনকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রীর সঙ্গে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদের বৈঠক

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। বৃহস্পতিবার দুপুরে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বিষয়টি নিশ্চিত করে প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি জানান, বৈঠকে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বই পড়ার অভ্যাস গড়ে তোলার করণীয় নিয়ে আলোচনা হয়। শিক্ষার্থীদের বই পড়ার অভ্যাস গড়ে তুলতে সরকারের সঙ্গে বিশ্বসাহিত্য কেন্দ্র একসঙ্গে কাজ করার বিষয়টিও বৈঠকে সিদ্ধান্ত হয়েছে বলে

জানিয়েছেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন, সংস্কৃতি মন্ত্রী নিতাই রায় চৌধুরী ও প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন ও ডা. জাহেদ উর রহমান। এছাড়াও বৈঠকে বিশ্বসাহিত্য কেন্দ্র ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## দ্বিতীয় তেল রিফাইনারি তৈরি করা জরুরি : সেনাপ্রধান

সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেছেন, স্বাধীনতার এত বছর পরও, আমরা দ্বিতীয় কোনো রিফাইনারি বা তেল শোধনাগার তৈরি করতে পারিনি, যা অত্যন্ত জরুরি। এছাড়া বর্তমান বিশ্বে জ্বালানি নিরাপত্তার গুরুত্ব এখন অনেক বেশি বলেও মন্তব্য করেন তিনি। বৃহস্পতিবার দুপুরে মিরপুর সেনানিবাসে ন্যাশনাল ডিফেন্স কলেজ কর্তৃক আয়োজিত `ক্যাপস্টোন কোর্স ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে এসব কথা বলেন সেনাপ্রধান। সংসদ সদস্য, সামরিক ও পুলিশ কর্মকর্তা, শিক্ষাবিদ, সরকারি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিসহ মোট ৪৫ জন ফেলো এই কোর্সে অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী ফেলোরা জানান, কোর্সটি কৌশলগত সচেতনতা বৃদ্ধি, আন্তঃবিভাগীয় সহযোগিতা জোরদার এবং জাতীয় নিরাপত্তা ও উন্নয়ন বিষয়ক একটি অভিন্ন দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে ইতিবাচক ভূমিকা পালন করবে। কোর্স সফলভাবে সম্পন্ন করার জন্য অংশগ্রহণকারীদের অভিনন্দন জানানোর পাশাপাশি, জাতীয় নিরাপত্তা সুদৃঢ় করা এবং দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সবার প্রতি আহ্বান জানান সেনাপ্রধান। এসময় জ্বালানি সংকট নিয়ে তিনি বলেন, আমাদের দেশে একটিমাত্র রিফাইনারি আছে, যা চাহিদার মাত্র ১০-১৫ শতাংশ মেটাতে পারে। বাকি জ্বালানি আমাদের পরিশোধিত অবস্থায় আমদানি করতে হয়, যার ফলে খরচ অনেক বেশি পড়ে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## ভারত থেকে পাইপ লাইনে আরও ৭ হাজার টন ডিজেল এসেছে

দিনাজপুর জেলার পার্বতীপুর মেঘনা রেলহেড অয়েল ডিপোতে ভারত থেকে পাইপ লাইনের মাধ্যমে আরও ৭ হাজার টন ডিজেল এসে পৌঁছেছে। এ নিয়ে ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন প্রকল্পের রিসিপ্ট টার্মিনালে চলতি মাসে তৃতীয় দফায় ভারত থেকে ডিজেল এসে পৌঁছালো। জেলার পার্বতীপুর রেলহেড মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ম্যানেজার কাজী রবিউল আলম বাসসকে জানান, আজ সকাল সাড়ে ১০টায় ভারত থেকে পাইপ লাইনের মাধ্যমে পার্বতীপুর মেঘনা রেলহেড ডিপোতে ৭ হাজার টন তেল এসে পৌঁছেছে। তিনি জানান, গত ২০ এপ্রিল সোমবার রাত ৮টায় ভারতের শিলিগুড়ি নুমালিগড় রিফাইনারি থেকে পাইপ লাইনে ডিজেল পাম্পিং শুরু হয়েছে। ৬৫ থেকে ৭০ ঘণ্টার মধ্যে এসব ডিজেল দিনাজপুর পার্বতীপুর রেলহেড মেঘনা অয়েল ডিপোতে এসে পৌঁছায়। এর আগে, গত ১৯ এপ্রিল বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইনের মাধ্যমে ৫ হাজার টন ডিজেল ভারতের নুমালিগড় রিফাইনারি লিমিটেড কেন্দ্র থেকে দিনাজপুর পার্বতীপুর রেলহেড অয়েল ডিপোতে এসে পৌঁছায়। এ নিয়ে চলতি মাসে পাইপ লাইনের মাধ্যমে ৩ বারে ২০ হাজার টন ডিজেল পৌঁছেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য যুক্তরাজ্যের শিক্ষাবৃত্তি বাড়ানোর আহ্বান

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য যুক্তরাজ্যে উচ্চশিক্ষার বৃত্তির সুযোগ আরও বিস্তৃত করার আহ্বান জানিয়েছেন। বৃহস্পতিবার সচিবালয়ে মন্ত্রীর দফতরে ব্রিটিশ ডেপুটি হাই কমিশনার জেমস গোল্ডম্যান সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এই আহ্বান জানান। এসময় প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন উপস্থিত ছিলেন। বৈঠকে মন্ত্রী বাংলাদেশের শিক্ষাখাতসহ বিভিন্ন ক্ষেত্রে যুক্তরাজ্যের অব্যাহত সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। বিশেষ করে, বাংলাদেশে ইংরেজি শিক্ষার উন্নয়নে ব্রিটিশ কাউন্সিলের কার্যকর ভূমিকার প্রশংসা করেন তিনি। বৈঠকে মন্ত্রী দুই দেশের সম্পর্ক ও সহযোগিতার ক্ষেত্র আরও বিস্তৃত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। প্রতিনিধিদল শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের ভূয়সী প্রশংসা করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## ঢাকা থেকে জরুরি সহায়তা যাচ্ছে ইরানে

প্রধানমন্ত্রী তারেক রহমানের সিদ্ধান্ত অনুযায়ী, বাংলাদেশ আজ ইরানে পাঠানোর জন্য ঢাকায় নিযুক্ত ইরানি রাষ্ট্রদূতের কাছে জরুরি চিকিৎসা সহায়তা সামগ্রী হস্তান্তর করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে আজ এ কথা জানানো হয়েছে। এতে আরও বলা হয়েছে, এই সহায়তা বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মাধ্যমে পাঠানো হচ্ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎকেন্দ্রের উৎপাদন পুরোপুরি বন্ধ

কারিগরি ত্রুটির কারণে দিনাজপুরের বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন বন্ধ হয়ে গেছে। কোল মিল ভেঙে যাওয়ায় বর্তমানে দেশের প্রথম কয়লাভিত্তিক এই তাপ বিদ্যুৎকেন্দ্রটিতে উৎপাদন পুরোপুরি বন্ধ রয়েছে। বৃহস্পতিবার

বিকেলে বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎকেন্দ্রের প্রধান প্রকৌশলী আবু বকর সিদ্দিক বিষয়টি নিশ্চিত করেছেন। বুধবার দিবাগত রাত ১০টার দিকে বিদ্যুৎকেন্দ্রটির প্রথম ইউনিটের ৪টি কোল মিলের মধ্যে ২টি কোল মিল ভেঙে যায়। এতে ইউনিটটি পুরোপুরি বন্ধ হয়ে যায়। কয়লাভিত্তিক এই তাপ বিদ্যুৎকেন্দ্রটির দুটি ইউনিট আগে থেকেই বন্ধ ছিল। সবশেষ বুধবার দুটি কোল মিল ভেঙে যাওয়ায় চালু থাকা একটি ইউনিটও বন্ধ হয়ে গেলে বিদ্যুৎকেন্দ্রটির উৎপাদন সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যায়। বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎকেন্দ্রের প্রধান প্রকৌশলী আবু বকর সিদ্দিক জানান, প্রথম ইউনিটের ৪টি কোল মিলের মধ্যে ২টি কোল মিল ভেঙে যাওয়ায় ইউনিটটি বন্ধ হয়ে যায়। পাথর মিশ্রিত কয়লার কারণে এ ঘটনা ঘটতে পারে। তবে ইউনিটটি আবারও চালু করতে প্রয়োজনীয় মেরামত কার্যক্রম চলছে জানিয়ে তিনি বলেন, আশা করি আগামী ২ থেকে ৩ দিনের মধ্যেই ইউনিটটি চালু হবে এবং আবারও বিদ্যুৎ উৎপাদন শুরু হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## ৩০ এপ্রিলের মধ্যে ১৪টি বোয়িং কেনার চুক্তি করছে সরকার

মার্কিন উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িং থেকে ১৪টি নতুন উড়োজাহাজ কেনার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার। এগুলো কিনতে আগামী ৩০ এপ্রিলের মধ্যে চুক্তি করা হবে। বৃহস্পতিবার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম. রাশিদুজ্জামান মিল্লাত সাংবাদিকদের এই তথ্য নিশ্চিত করেন। প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠকে আমরা সিদ্ধান্তে পৌঁছেছি যে, ৩০ এপ্রিলের মধ্যেই আমরা বোয়িংয়ের সঙ্গে চুক্তি করতে যাচ্ছি। আমরা ১৪টি উড়োজাহাজ কিনব। এগুলো ডেলিভারি করতে পাঁচ বছর লাগবে। তিনি আরো বলেন, বোয়িং এবং এয়ারবাসের সঙ্গে যোগাযোগ করে লিজে কিছু উড়োজাহাজ আনা হবে শিগ্‌গিরই। প্রতিমন্ত্রী মিল্লাত আরো জানান, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের তীব্র উড়োজাহাজ সংকট কাটাতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। বর্তমানে বিমানের বহরে আন্তর্জাতিক রুটের জন্য ১৯টি উড়োজাহাজ থাকলেও, ক্রমবর্ধমান যাত্রী চাহিদা মেটাতে অন্তত ৩০ থেকে ৩৫টি উড়োজাহাজ প্রয়োজন। ২০৩৪-৩৫ অর্থ বছরের মধ্যে বিমানের বহরে মোট উড়োজাহাজের সংখ্যা ৪৭টিতে উন্নীত করার একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় কাজ শুরু করেছে। বোয়িং থেকে ১৪টি উড়োজাহাজ যুক্ত হলে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সক্ষমতা বহুগুণ বৃদ্ধি পাবে বলে মনে করছেন, বিমান চলাচল বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট কর্মকর্তারা। সেই সঙ্গে আন্তর্জাতিক রুটগুলোতে বাংলাদেশের প্রতিযোগিতা করার ক্ষমতাও বাড়বে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## সৌদি পৌঁছেছেন ২৫ হাজারের বেশি হজযাত্রী; দুই বাংলাদেশির মৃত্যু

পবিত্র হজের সময় ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে সৌদি আরবে পৌঁছাতে শুরু করেছেন বাংলাদেশি হজযাত্রীরা। বৃহস্পতিবার পর্যন্ত মোট ২৫ হাজার ৩৯৬ জন বাংলাদেশি হজযাত্রী দেশটিতে পৌঁছেছেন। ধর্ম মন্ত্রণালয়ের হজ ব্যবস্থাপনা পোর্টালের সর্বশেষ তথ্য অনুযায়ী, এদের মধ্যে সরকারি ব্যবস্থাপনায় গেছেন ২ হাজার ৮৭০ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় গেছেন ২২ হাজার ৫২৬ জন। এ পর্যন্ত মোট ৬৩টি ফ্লাইট পরিচালিত হয়েছে। তবে এই আনন্দঘন যাত্রার মধ্যেই শোকের খবরও এসেছে। সৌদি আরবে গিয়ে দুই বাংলাদেশি হজযাত্রীর মৃত্যু হয়েছে। ২১ এপ্রিল জয়পুরহাট-এর মো. নইম উদ্দীন মন্ডল এবং ২২ এপ্রিল টাঙ্গাইলের মো. আবুল কাশেম মৃত্যুবরণ করেন। সরকারি তথ্য অনুযায়ী, চলতি বছর বাংলাদেশ থেকে মোট ৭৮ হাজার ৫০০ জন হজ পালনের অনুমতি পেয়েছেন। এর মধ্যে ৪ হাজার ৫৬৫ জন সরকারি ব্যবস্থাপনায় এবং ৭৩ হাজার ৯৩৫ জন বেসরকারি ব্যবস্থাপনায় হজে অংশ নিচ্ছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

## আওয়ামী লীগ সরকারের আমলের সব সার ডিলার বাতিল : চিফ হুইপ

বিগত আওয়ামী লীগ সরকারের আমলে নিয়োগ পাওয়া সব সার ডিলার বাতিল করেছে সরকার। তাদের পরিবর্তে খুব দ্রুতই নতুন ডিলার নিয়োগ দেওয়া হবে। বৃহস্পতিবার সংসদ লবিতে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান চিফ হুইপ নূরুল ইসলাম মনি। তিনি জানান, দেশের চলমান জ্বালানি সংকট সমাধানে দশ সদস্যের কমিটি করা হয়েছে। এতে সরকারি দল থেকে থেকে পাঁচজন এবং বিরোধী দল থেকে পাঁচজন সদস্য রাখা হবে। কমিটির নেতৃত্বে থাকবেন বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। বিরোধী দলীয় নেতার প্রস্তাবকে সমর্থন জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান এ বিষয়ে বক্তব্য রাখেন। পরে সংসদে সর্বসম্মতিতে এ প্রস্তাব পাস হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৪.২০২৬ আসাদ)

# BBC

**IN TEHRAN, MONEY IS SHORT AND A RETURN TO WAR LOOMS OVER DAILY LIFE**

On a bright Tehran spring day, Sanaei Ghaznavi street, with its mix of shops selling groceries and household goods alongside fast food and flowers, seems like an everyday place. In a country where lives have long been buffeted by crises, it is a snapshot of a people just trying to get through the day while their future hangs on forces beyond their control. For Mohammad, in t-shirt and jeans, even cranking open the striped awning of his family's shoe shop is an act of hope. "It makes me happy to be in here," he tells us when we wander into his pocket of a store with its floor-to-ceiling shelves of trainers, big and small. "So many people have lost their jobs and aren't working." And there are few customers. "We had so many before," his father Mustafa laments glumly as he proudly explains this business has been in their family for 40 years. One Iranian website, Asr-e Iran, recently cited an unofficial estimate that up to four million jobs may have been lost or impacted by the combined effect of the war and the government's near-total internet shutdown.

(BBC Web page : 23.04.2026 Ali Ahmed)

**TAIWAN MINISTER MAKES RARE VISIT TO DISPUTED SOUTH CHINA SEA ISLAND**

A Taiwanese minister has made a rare visit to a Taiwan-controlled islet in the South China Sea to observe a coast guard exercise, as tensions flare in the region. Ocean Affairs Minister Kuan Bi-ling witnessed the humanitarian rescue and medical evacuation drills on Itu Aba, which is also claimed by China, Vietnam and the Philippines. China also claims self-ruled Taiwan as part of its territory, even though Taiwan sees itself as distinct. Kuan's visit to Itu Aba comes as US and Filipino forces hold their largest ever military drills across the Philippines, drawing anger from China. As the US-Philippines drills were ongoing, China dispatched a new amphibious warship to the South China Sea and sailed one of its aircraft carriers in the nearby Taiwan Strait. The Taiwanese exercise on Itu Aba included a scenario where coast guard officials armed with guns intercepted a suspicious cargo vessel that did not respond to hails. Footage shared by the coast guard show heavily-armed special forces breaking into the control room of the ship.(BBC Web page : 23.04.2026 Ali Ahmed)

**LEBANON ACCUSES ISRAEL OF TARGETING JOURNALIST KILLED IN AIR STRIKE**

Lebanon's prime minister has accused Israel of war crimes after Israeli air strikes killed one journalist and wounded another in southern Lebanon on Wednesday. The strike killed Amal Khalil, who worked for a Lebanese newspaper, and injured freelance photographer Zeinab Faraj. Officials in Lebanon say they were deliberately targeted as they sought shelter in a home after an initial air strike hit the vehicle in front of them, killing two men. The officials also accused the Israel Defense Forces (IDF) of intentionally targeting a marked ambulance as it tried to reach the journalists in the village of Tayri. The IDF denied that it was preventing rescue teams from reaching the area and said it did not target journalists. Journalists Khalil, 43, who worked for Lebanese newspaper Al-Akhbar, and Faraj, a freelance photographer, were travelling together. The two men who died have not been named by officials. Lebanese Prime Minister Nawaf Salam said: "Targeting journalists, obstructing access to them by relief teams, and even targeting their locations again after these teams arrive constitutes described war crimes."(BBC Web page : 23.04.2026 Ali Ahmed)

**HIGH-STAKES WEST BENGAL ELECTION BEGINS AS PARTIES ROW OVER VOTER ROLL**

Mamata Banerjee and her TMC party are seeking a fourth consecutive term in West Bengal

Millions of Indians have begun voting in high-stakes state elections in West Bengal and Tamil Nadu. In West Bengal, where the fiercest contest is unfolding, voting is under way in 152 of 294 seats across 16 districts in the first phase, with 1,478 candidates in the fray. A second phase of polling is scheduled for next week. Prime Minister Narendra Modi's Bharatiya Janata Party (BJP) has mounted an aggressive push to unseat Chief Minister Mamata Banerjee, whose Trinamool Congress is seeking a fourth straight term in a state the BJP has never governed. The election is taking place against a controversy over a sweeping revision of electoral rolls that has heightened political tensions.

(BBC Web page : 23.04.2026 Ali Ahmed)

**UK BIOBANK HEALTH DATA LISTED FOR SALE IN CHINA, GOVERNMENT CONFIRMS**

Medical information of 500,000 participants of the UK's health data project, UK Biobank, were offered for sale online in China, the government has confirmed. Technology minister Ian Murray said information of all members of the database was found listed for sale on the website Alibaba. Murray told MPs the charity which runs UK Biobank had told the government about the data breach on Monday. He said the information did not include names, addresses, contact details or telephone numbers. However he said it could include gender, age, month and year of birth, socioeconomic status, lifestyle habits, and measures from biological samples. The Biobank is a collection of health data offered by volunteers which has been used to help improvements in detection and treatment of dementia, some cancers and Parkinson's. Participants were aged from 40 to 69 when they were recruited between 2006 and 2010. UK Biobank said it was investigating the incident and thanked the UK and Chinese governments, as well as Alibaba, for support and cooperation.
(BBC Web page : 23.04.2026 Ali Ahmed)

**ISRAELI STRIKES KILL EIGHT PALESTINIANS IN GAZA, FIRST RESPONDERS SAY**

At least eight Palestinians, including three children, have been killed in two Israeli strikes in the Gaza Strip, according to medics and first responders. Five died when an Israeli drone struck a group near a mosque in the northern town of Beit Lahia on Wednesday evening. Local journalists identified them as Abdullah al-Abed, 9, Salah al-Abed, 12, Mohammed Balousha, 14, Alaa Balousha, 46, and Anas Abu Foul, 19. In a statement, the Israeli military said it had targeted what it called "a terrorist" who had approached troops in the area of the Yellow Line, which marks territory held by Israeli forces, and posed an immediate threat. A Hamas spokesman condemned what he described as "the horrific massacre" and accused Israel of undermining efforts to implement their ceasefire agreement. On Thursday morning, the families of the three boys grieved as their shrouded bodies were lined up outside al-Shifa hospital in Gaza City.(BBC Web page : 23.04.2026 Ali Ahmed)

**IRAN SAYS STRAIT OF HORMUZ CANNOT BE OPENED DUE TO CEASEFIRE BREACHES**

Iran's chief negotiator in talks with the US said it is "not possible" for the Strait of Hormuz to be opened due to "the blatant violations of the ceasefire" by the US and Israel. In a post on X on Wednesday, Mohammad Bagher Ghalibaf, said the "violations" include the US naval blockade of Iranian ports - which he said amounted to taking the global economy "hostage" - and "warmongering" by Israel "on all fronts". Iran remains open to negotiations, said Iran President Masoud Pezeshkian, but he added, "breach of commitments, blockade and threats are main obstacles to genuine negotiations". It appeared early Tuesday that the US and Iran would hold new peace talks in Pakistan this week - but they have yet to begin. Vice-President JD Vance - due to lead the US delegation in those talks - remains in the US. On Tuesday night, US President Donald Trump announced an extension to the US-Iran ceasefire that was due to expire on Wednesday. White House Press Secretary Karoline Leavitt later clarified that Trump's extension is open-ended, and has no new deadline. She added that Trump is "satisfied" with the ongoing US naval blockade against Iran, and "understands Iran is in a very weak position".(BBC Web page : 23.04.2026 Ali Ahmed)

## :: THE END ::